পুরুলিয়ায়
গীতাঞ্জলি
ফরেস্ট রিট্রিট
বুকিংয়ের জন্য যোগাযোগ
অনিকেতঃ ৮৩৩৪৮২৬৯৭৫
শান্তনুঃ ৯৮৭৫৬৫৮২৩৮

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 31, Issue No.: 178 Saturday, 30 May, 2026 ✻ ৩১ বর্ষ, ১৭৮ সংখ্যা ✻ ১৫ জ্যৈষ্ঠ ১৪৩৩, শনিবার, ৩০ মে ২০২৬ ✻ আজ ৮ পাতা ✻ মূল্য- ৩ টাকা

বাংলাদেশিরা জনগণনার ভয়ে পালাচ্ছে। মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৯ মেঃ রাজ্যে নতুন করে শুরু হতে চলেছে বহুপ্রতীক্ষিত জনগণনা বা সেন্সাস। শুক্রবার এই সংক্রান্ত একটি উচ্চপর্যায়ের বৈঠক শেষে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন, আগামী ১ আগস্ট থেকে পশ্চিমবঙ্গে নতুন করে এই প্রক্রিয়া শুরু হবে। এই প্রথম সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে এই কাজ সম্পন্ন করা হতে চলেছে, যা চলবে আগামী বছরের ফেব্রুয়ারি মাস পর্যন্ত। একই সঙ্গে পূর্বতন সরকারকে তীব্র নিশানা করে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান, অনুপ্রবেশের কারণে বাংলার জনবিন্যাস বদলে গিয়েছে, তাই এই জনগণনা অত্যন্ত জরুরি। তবে এতে এ দেশের বা রাজ্যের বৈধ নাগরিকদের ভয়ের কোনও কারণ নেই। জনগণনা নিয়ে তৈরি হওয়া নানাবিধ আশঙ্কা ও প্রশ্ন উড়িয়ে দিয়ে মুখ্যমন্ত্রী মনে করিয়ে দেন, এটি একটি সাংবিধানিক দায়বদ্ধতা। এই প্রসঙ্গে বিগত তৃণমূল সরকারকে কাঠগড়ায় তুলে তিনি বলেন, ''বাংলায় শেষবার জনগণনা হয়েছিল ২০১১ সালে। এর পর তৎকালীন মুখ্যসচিবের অসম্মতি এবং আগের সরকারের গোঁয়ার্তুমির কারণেই রাজ্যে আর নতুন করে সেন্সাস করা যায়নি। যার ফলে বাকি রাজ্যগুলির তুলনায় আমরা

অনেকটাই পিছিয়ে পড়েছি।'' আগস্ট মাস থেকেই যে রাজ্যে সেন্সাসের কাজ শুরু হতে পারে, তার একটা ইঙ্গিত আগেই মিলেছিল। এ দিন আনুষ্ঠানিক প্রক্রিয়া ঘোষণার পর মুখ্যমন্ত্রী জানান, আগামী ১ আগস্ট থেকে দেশ ও রাজ্যে একযোগে এই প্রক্রিয়া শুরু হচ্ছে। ১৫ আগস্ট পর্যন্ত সাধারণ বাসিন্দাদের জন্য থাকছে 'সেলফ এনুমারেশন' বা নিজে নিজেই তথ্য নথিভুক্ত করার বিশেষ সুযোগ। গোটা প্রক্রিয়াটি আগামী ২০২৭ সালের ফেব্রুয়ারি মাস পর্যন্ত চলবে। জনগণনা নিয়ে আমজনতার মনে যাতে কোনও রকম বিভ্রান্তি বা সমস্যার সৃষ্টি না হয়, তার জন্য রাজ্য ও কেন্দ্রের তরফে বিশেষ হেল্পলাইন নম্বর এবং ওয়েবসাইট চালু করা হচ্ছে। দেশব্যাপী যে টোল-ফ্রি নম্বরটি সচল থাকবে, সেটি হল- ১৮৫৫। এর পাশাপাশি একটি ল্যান্ডলাইন নম্বরও চালু করা হচ্ছে, নম্বরটি হল- ০৩৩-২৩৩৫ ৯৫০৩। যে কোনও তথ্যের জন্য নাগরিকেরা সরাসরি নজর রাখতে পারবেন সরকারি ওয়েবসাইটেঃ www.westbengal.census.gov.in। এ দিন সরাসরি অনুপ্রবেশ সমস্যা নিয়ে অত্যন্ত কড়া বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁর দাবি, ''জনগণনার ভয়ে প্রচুর বাংলাদেশী ইতিপূর্বেই এ দেশ ছেড়ে পালাচ্ছে, তা আপনারা স্পষ্ট দেখতেই পাচ্ছেন। এই মুহূর্তে যাঁরা বিভিন্ন হোল্ডিং সেন্টারে আটকে রয়েছেন, তাঁরা কেউই প্রয়োজনীয় ও বৈধ নথিপত্র দেখাতে পারবেন না।'' তবে পশ্চিমবঙ্গের স্থায়ী ও বৈধ নাগরিকদের আশ্বস্ত করে মুখ্যমন্ত্রী জোর দিয়ে বলেছেন যে, এই প্রক্রিয়ার সঙ্গে রাজনীতি কিংবা জাতপাতের দূর-দূরান্তের কোনও সম্পর্ক নেই। এটি সম্পূর্ণ একটি রাষ্ট্রীয় ও সাংবিধানিক দায়িত্ব, যা বাংলার উন্নয়নের স্বার্থেই অত্যন্ত জরুরি।

৮৮ কিলোমিটার বেগে ঝড়ে লন্ডভন্ড শহর কলকাতা, বাবুঘাটে মৃত ১

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৯ মেঃ শুক্রবার ভরদুপুরে ৮৮ কিলোমিটার গতিবেগে তীব্র ঝড়ে কার্যত লন্ডভন্ড কলকাতা। আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, কলকাতা জেলার আলিপুরের ওপর দিয়ে তীব্র গতিবেগে ঝড় হয় এদিন। এর পাশাপাশি, দমদম এবং উত্তর ২৪ পরগণা জেলার কিছু অংশেও ৭৪ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়ার সাক্ষী থেকেছে কলকাতার পার্শ্ববর্তী অঞ্চল। এই প্রবল ঝড়ে কার্যত লন্ডভন্ড শহরের উত্তর থেকে দক্ষিণ। পাশাপাশি, বিধাননগর চত্বরে সল্টলেকের দিকেও ঝড়ে ভেঙে পড়েছে গাছ। এদিনের ঝড়ে কলকাতার বাবুঘাট সংলগ্ন এলাকায় ভয়াবহ দুর্ঘটনা ঘটে। রিভার ট্রাফিক গার্ডের কাছে ট্রেন লাইনের উচ্চ ক্ষমতাসম্পন্ন ওভারহেড তারের ওপর একটি বড় গাছের ডাল ভেঙে পড়ায় ভয়ঙ্কর বিস্ফোরণ ঘটে। মুহূর্তের মধ্যেই দাউদাউ করে আগুন জ্বলে ওঠে এলাকায়, যার জেরে ব্যাপক আতঙ্ক ছড়িয়ে পড়ে। আগুন দ্রুত ছড়িয়ে পড়ে লাইনের আশপাশে। ঘটনার খবর পেয়ে পুলিশ, দমকল এবং রিভার ট্রাফিক গার্ডের আধিকারিকরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার কাজ শুরু করেন। প্রশাসন সূত্রে খবর, বর্তমানে আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে। তবে এই ঘটনায় একজনের মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। তবে এখনও পর্যন্ত ওই ব্যক্তির দেহ উদ্ধার করা সম্ভব হয়নি। দুর্ঘটনার জেরে আপাতত চক্ররেলের লাইনে ট্রেন চলাচল সাময়িকভাবে ব্যাহত হয়। যাত্রীদের নিরাপত্তার কথা মাথায় রেখে পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত ট্রেন পরিষেবায় নিয়ন্ত্রণ রাখা হয়। অন্যদিকে, মধ্যমগ্রামে রেললাইনের উপর গাছ ভেঙে পড়ায় শিয়ালদা শাখায় ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। রেল সূত্রে খবর, মধ্যমগ্রাম স্টেশনের কাছে রেললাইনের উপর বড় গাছ ভেঙে পড়ে। এর ফলে একাধিক লোকাল ট্রেন বিভিন্ন স্টেশনে দাঁড়িয়ে পড়ে। অন্যদিকে, মুষলধারে বৃষ্টি ও ঝড়ে গাছ পড়ে বিপত্তি ঘটেছে সল্টলেকেও। দাঁড়িয়ে থাকা একটি গাড়ির ওপর হুড়মুড়িয়ে ভেঙে পড়ে প্রকাণ্ড একটি গাছ। গাছে ভেঙে পড়েছে প্রেসিডেন্সি জেলের পাঁচিলের ওপরেও। জানা গিয়েছে, সেই সময় জেলের বন্দিরা লক আপের বাইরে ছিলেন। গাছ ভেঙে পড়ার খবর মিলতেই তাঁদের তড়িঘড়ি লক আপে ঢুকিয়ে দেওয়া হয়। গাড়ির ছাদ রীতিমত দুমড়ে মুচড়ে যায়। জানা গিয়েছে, সেইসময় ওই রাস্তা দিয়ে যাচ্ছিল একটি ক্যাব বাইক। আচমকা গাছ ভেঙে পড়ায় আহত হন বাইক চালক এবং পিছনে বসে থাকা আরোহী। তাদের চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়েছে বিধাননগর মহকুমা হাসপাতালে। তাছাড়া এক্সাইড মোড়, বিড়লা প্ল্যানেটোরিয়ামেও গাছ ভেঙে পড়েছে। খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছান কর্মীরা। রাস্তা পরিষ্কার করে দ্রুত পরিস্থিতি স্বাভাবিক করা হয়।

টেট পাশ করতেই হবে জানাল শীর্ষ আদালত

নিজস্ব প্রতিনিধি, কলকাতা ও নয়াদিল্লি, ২৯ মেঃ টিচার এলিজিবিলিটি টেস্ট পাশ করতেই হবে দেশজুড়ে কর্মরত প্রাথমিক শিক্ষকদের। জানিয়ে দিল সুপ্রিম কোর্ট। তবে কিছুটা স্বস্তি পেয়েছেন প্রাথমিক শিক্ষকরা। টেট পাশের জন্য আগে সময় ছিল ২০২৭ সালের ৩১ আগস্ট। এদিন সেই সময়সীমা এক বছর বাড়িয়ে দিল দেশের শীর্ষ আদালত। বিচারপতি দীপঙ্কর দত্তের নেতৃত্বাধীন ডিভিশন বেঞ্চ জানিয়ে দিল, ২০২৮ সালের ৩১ আগস্টের মধ্যে দেশের সমস্ত কর্মরত প্রাথমিক শিক্ষককে টেট পাশ করতেই হবে। পশ্চিমবঙ্গে প্রায় ১ লক্ষ প্রাথমিক শিক্ষক রয়েছেন, যাঁরা টেট পাশ করেননি। প্রাথমিকে শিক্ষক নিয়োগে টেট বাধ্যতামূলক হওয়ার আগেই চাকরি পেয়েছেন তাঁরা। সারা দেশে সেই সংখ্যা প্রায় ৩০ লক্ষ। এর আগে সুপ্রিম কোর্ট জানিয়েছিল, দেশের যে সমস্ত প্রাথমিক শিক্ষক টেট পাশ করেননি, তাঁদের যোগ্যতা যাচাইয়ের পরীক্ষায় বসতেই হবে। তার জন্য সময় বেঁধে দিয়েছিল শীর্ষ আদালত। জানিয়েছিল, ২০২৭ সালের ৩১ আগস্টের মধ্যে দেশের কর্মরত সমস্ত প্রাথমিক শিক্ষককে টেট পাশ করতেই হবে। পরীক্ষায় না বসলে ভলান্টারি রিটায়ারমেন্ট নিতে হবে। তবে যাঁদের চাকরি থেকে অবসরের আর পাঁচ বছর বাকি রয়েছে, তাঁদের এই পরীক্ষায় বসা থেকে ছাড় দেওয়া হয়। সুপ্রিম কোর্টের ওই নির্দেশের বিরুদ্ধে একাধিক রিভিউ পিটিশন জমা পড়েছিল। আবেদনকারীদের বক্তব্য, এত বছর ধরে পড়াচ্ছেন তাঁরা। ফলে তাঁদের যোগ্যতা যাচাইয়ের পরীক্ষায় বসা থেকে ছাড় দেওয়া হোক। কিন্তু, এদিন সুপ্রিম কোর্টের ডিভিশন বেঞ্চ স্পষ্ট করে দিল, সকলকে নতুন করে যোগ্যতা যাচাইয়ের পরীক্ষায় বসতেই হবে। ফলে ফের যোগ্যতা প্রমাণ করতে হবে সারা দেশের প্রাথমিক শিক্ষকদের।

'প্রশ্ন ফাঁস হয়েছে এবং এনটিএ ব্যর্থ!' নিট নিয়ে বিস্ফোরক স্বীকারোক্তি শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ২৯ মেঃ শুক্রবার নিটের প্রশ্ন ফাঁস নিয়ে এনটিএ-তে তীব্র ভর্ৎসনা করেছে সুপ্রিম কোর্ট। কাঠগড়ায় তোলা হয়েছে গোটা সিস্টেমকে। এরপরই নিটে প্রশ্নফাঁসের কথা স্বীকার করে নিলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান। শুক্রবার তিনি বলেন, ''প্রশ্নপত্র ফাঁস হয়েছিল এবং এই ঘটনায় জাতীয় পরীক্ষা সংস্থার ব্যর্থতাও রয়েছে। এই ঘটনার সঙ্গে জড়িত শিক্ষা-মাফিয়াদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ করবে কেন্দ্র সরকার।'' শুক্রবার একান্ত সাক্ষাকারে ধর্মেন্দ্র প্রধান বলেন, ''আমি মেনে নিচ্ছি প্রশ্নপত্র ফাঁস হয়েছে। জাতীয় পরীক্ষা সংস্থা ব্যর্থ হয়েছে, সেটাও আমি স্বীকার করছি।'' নিট পরীক্ষাকে ঘিরে দেশজুড়ে যখন বিতর্ক ও ক্ষোভ বাড়ছে, তখন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর এই মন্তব্য যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। শিক্ষামন্ত্রী জানান, পরীক্ষার স্বচ্ছতা নষ্ট করার পিছনে যে সংঘবদ্ধ চক্র কাজ করেছে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। শিক্ষা-মাফিয়াদের নির্মূল করবে সরকার। প্রশ্নফাঁসের ঘটনায় জড়িত কাউকেই ছাড়া হবে না বলে হুঁশিয়ারি দেন তিনি। জানা গেছে, অভিযুক্তদের শাস্তি নিশ্চিত করতে নিট প্রশ্নফাঁস সংক্রান্ত সমস্ত মামলার দ্রুত নিষ্পত্তির জন্য বিশেষ দ্রুত বিচার আদালতে শুনানির ব্যবস্থা করা হবে। শুধু নিট নয়, সিবিএসই-র মূল্যায়ন প্রক্রিয়া নিয়েও মুখ খুলেছেন শিক্ষামন্ত্রী। তিনি স্বীকার করেন, মূল্যায়ন ব্যবস্থায় একাধিক অসঙ্গতি ও প্রযুক্তিগত সমস্যা সামনে এসেছে। বিশেষ করে ওএসএম সংক্রান্ত জটিলতা নিয়ে ইতিমধ্যেই শুরু হয়েছে কাজ।

নবান্নে বৈঠক গুরুং-রোশনের, ৩ লক্ষ কোটির প্যাকেজ ঘোষণা মুখ্যমন্ত্রীর, পাহাড়ের ৩ পুরসভায় প্রশাসকও

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৯ মেঃ রাজ্যে রাজনৈতিক পালাবদলের পর এবার নতুন মোড়

নিল পাহাড়ের রাজনৈতিক সমীকরণ। শুক্রবার নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে উচ্চপর্যায়ের বৈঠকে যোগ দিলেন গোর্খা জনমুক্তি মোর্চার শীর্ষ নেতা বিমল গুরুং এবং রোশন গিরি। পাহাড়ের প্রতিনিধি দলের সঙ্গে দীর্ঘ আলোচনার পর দার্জিলিং পার্বত্য অঞ্চলের সার্বিক উন্নয়নের স্বার্থে একগুচ্ছ বড় ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী। যার মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে পাহাড়ের তিন পুরসভায় প্রশাসক বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নবান্ন সূত্রে জানা গিয়েছে, পাহাড়ের সাধারণ মানুষের নাগরিক পরিষেবা যাতে কোনওভাবেই ব্যাহত না হয়, তা নিশ্চিত করতেই এই প্রশাসনিক সিদ্ধান্ত। দার্জিলিং বাদে পাহাড়ের বাকি তিন পুরসভা- কালিম্পং, কার্শিয়াং এবং মিরিকে আপাতত প্রশাসক বসানোর কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী। এ দিনের বৈঠকে উপস্থিত ছিলেন দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্তাও। তাঁকে পাশে রেখেই মুখ্যমন্ত্রী জানান, বিমল গুরুং ও রোশন গিরিদের দাবিকে মান্যতা দিয়ে পাহাড়ে উন্নয়নের গতি বাড়াতে সমস্ত জট কেটে কাজের রাস্তা পরিষ্কার করা হল। পার্বত্য অঞ্চলের ভৌত পরিকাঠামো ও সামগ্রিক খোলনলচে বদলে ফেলতে উন্নয়ন পরিকল্পনার কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী। পাহাড়ের বিশেষ উন্নয়ন প্যাকেজ বাবদ মোট ৩ লক্ষ কোটি টাকা বরাদ্দ করার ঘোষণা করেন তিনি। এর পাশাপাশি গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন-এর বিগত কাজের খতিয়ান নিয়ে কড়া সমালোচনা শোনা যায় মুখ্যমন্ত্রীর গলায়। পূর্বতন ব্যবস্থার দিকে আঙুল তুলে তিনি বলেন, ''এতদিন প্রতি অর্থবর্ষেই পাহাড়ের উন্নয়নের জন্য নির্দিষ্ট পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে। কিন্তু তা সত্ত্বেও জিটিএ কোনও কাজ করতে পারেনি।'' উন্নয়নের কাজ দ্রুত বাস্তবায়িত করতে এ দিনই স্পষ্ট নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি জানান, জিটিএ-র প্রিন্সিপাল সেক্রেটারি শামা পারভীনকে স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে, যাতে তিনি স্থানীয় বিধায়ক ও সাংসদদের সঙ্গে সমন্বয় রেখে অত্যন্ত দ্রুততার সঙ্গে সমস্ত উন্নয়নমূলক কাজ এগিয়ে নিয়ে যান।

তিলজলা-কসবায় বেআইনি নির্মাণ ভাঙায় হাইকোর্টের অন্তর্বর্তী স্থগিতাদেশ!

চাইলেই হুট করে ভাঙা যাবে না বাড়ি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৯ মেঃ দক্ষিণ কলকাতার তিলজলা ও কসবা এলাকায় সমস্ত বেআইনি নির্মাণ ভেঙে ফেলার নোটিসের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করল কলকাতা হাইকোর্ট। শুক্রবার আদালতের পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়েছে, কলকাতা পুরসভা চাইলেই হুট করে কোনও নির্মাণ ভেঙে ফেলতে পারবে না। ভাঙার আগে নির্দিষ্ট আইনি প্রক্রিয়া মেনে পদক্ষেপ করতে হবে। কলকাতা হাইকোর্টের বিচারপতি শম্পা দত্ত পাল এ দিন এই মামলার শুনানিতে কলকাতা পুরসভাকে একটি সুনির্দিষ্ট নির্দেশ দিয়েছেন। আদালতের নির্দেশ অনুযায়ী, সংশ্লিষ্ট এলাকার যে সব বাড়ি বা নির্মাণের বিরুদ্ধে বেআইনি হওয়ার অভিযোগ উঠেছে, তার সমস্ত বাড়ির মালিক এবং সেখানে বসবাসকারী বাসিন্দা অর্থাৎ ভাড়াটিয়াদেরও বাধ্যতামূলকভাবে নোটিস পাঠাতে হবে পুর কর্তৃপক্ষকে। আদালত স্পষ্ট করে দিয়েছে, স্রেফ নোটিস পাঠিয়েই পুরসভার দায়িত্ব শেষ হবে না। ওই নোটিসের প্রেক্ষিতে বাড়ির মালিক এবং বাসিন্দারা যাতে নিজেদের বক্তব্য পেশ করতে পারেন, অর্থাৎ আইনিভাবে আত্মপক্ষ সমর্থনের উপযুক্ত সুযোগ পান, তা নিশ্চিত করতে হবে কলকাতা পুরসভাকে। বিচারপতি শম্পা দত্ত পালের নির্দেশ, আজ থেকে আগামী ৩০ দিনের মধ্যে নোটিস পাঠানো এবং বাসিন্দাদের বক্তব্য শোনার এই সমগ্র প্রক্রিয়াটি পুরসভাকে সম্পন্ন করতে হবে। ঘটনার সূত্রপাত চলতি মাসের ১২ তারিখ। তপসিয়ার একটি বহুতল ভবনের দোতলায় অবস্থিত একটি চামড়ার কারখানায় আচমকাই আগুন লেগে যায়। এই বিধ্বংসী অগ্নিকাণ্ডে পুড়ে মৃত্যু হয় দু'জনের এবং গুরুতর জখম হন আরও তিন জন। এই মর্মান্তিক দুর্ঘটনার পরেই নড়েচড়ে বসে রাজ্য প্রশাসন। রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী স্পষ্ট জানান, তিলজলার ওই বহুতলটি সম্পূর্ণ বেআইনিভাবে নির্মাণ করা হয়েছিল। পুরসভার অনুমোদন বা কোনও বৈধ বিল্ডিং প্ল্যান ছাড়াই ভবনটি গড়ে ওঠে এবং সেখানে সম্পূর্ণ বেআইনি উপায়ে একটি চামড়ার কারখানা চালানো হচ্ছিল। এর পরেই মুখ্যমন্ত্রী ওই বহুতলটি অবিলম্বে গুঁড়িয়ে দেওয়ার নির্দেশ দেন। মুখ্যমন্ত্রীর কড়া নির্দেশের মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই তিলজলার ওই ঘটনাস্থলে পৌঁছে গিয়েছিল বুলডোজার। তড়িঘড়ি শুরু হয়ে যায় বহুতলটি ভেঙে ফেলার কাজ। আকস্মিক এই উচ্ছেদ ও ভাঙার প্রক্রিয়ার বিরুদ্ধে ক্ষোভে ফেটে পড়েন ভবনের সাধারণ বাসিন্দারা। সরকারের এই অতি-সক্রিয় পদক্ষেপের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ ও ক্ষোভ উগরে দেন তাঁরা। জনতার বিক্ষোভের মাঝেই বেআইনি ওই বহুতলের বেশ কিছু অংশ ইতিমধ্যেই ভেঙে ফেলা হয়েছিল। এর পরেই প্রশাসনের এই সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতের দ্বারস্থ হন ভুক্তভোগীরা। হাইকোর্টে মামলা দায়ের হওয়ার পর প্রাথমিক শুনানি শেষে ভাঙার কাজের ওপর স্থগিতাদেশ জারি করেছিলেন বিচারপতি রায়চৌধুরী। এবার সেই মামলার প্রেক্ষিতেই আদালত জানিয়ে দিল, আইনি জট পুরোপুরি না কাটা পর্যন্ত আপাতত তিলজলায় আর বুলডোজার চলবে না।

এল নিনো ঢুকছে ভারতে, জুন থেকেই বর্ষায় বিরাট ঘাটতি! সেপ্টেম্বরে আরও ভয়ঙ্কর দশা

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ২৯ মেঃ বর্ষা নিয়ে আরও দুঃসংবাদ শোনাল মৌসম ভবন। ৮ শতাংশ নয়, বর্ষায় ১০ শতাংশ কম বৃষ্টির পূর্বাভাস দিল মৌসম ভবন। এল নিনো-র প্রভাবেই এই ঘাটতি হবে। বড়সড় ধাক্কা খেতে পারে আমন ধানের চাষ। কোথায়, কত কম বৃষ্টি হবে, তার পূর্বাভাস দিল মৌসম ভবন। ভারতে আছড়ে পড়তে চলেছে এল নিনো। তাও আবার বর্ষার সময়েই। এর ফলে দেশে তুলনামূলকভাবে অনেকটাই কম বৃষ্টি হবে। মৌসম ভবনের ডিজিএম ডঃ মৃত্যুঞ্জয় মহাপাত্র জানিয়েছেন, বিগত তিন বছরের মধ্যে এই বছরই সবথেকে কম বৃষ্টিপাত হতে পারে। এবারে বর্ষাকালে স্বাভাবিকের তুলনায় কম বৃষ্টি হবে। এল নিনো জুন মাসেই আসতে চলেছে, তবে তা শুরুতে দুর্বল হবে। এমনটাই জানিয়েছেন মৌসম ভবনের ডিজিএম ডঃ মৃত্যুঞ্জয় মহাপাত্র। জুলাইয়ের মাঝামাঝি ও আগস্ট থেকে এর শক্তি বাড়বে ধীরে ধীরে। সেপ্টেম্বরের মধ্যে এল নিনো পূর্ণ শক্তি ধারণ

করবে। ভারত তথা বিশ্ব জুড়েই প্রবল দাবদাহ হবে এল নিনোর প্রভাবে। অনেক রাজ্যেই খরার সৃষ্টি হবে। জলের জোগানেও প্রবল ঘাটতি দেখা দিতে পারে বলেই সতর্কতা দেওয়া হয়েছে। যদি রাজ্যের কথা বলা হয়, তাহলে প্রায় গোটা বাংলাতেই স্বাভাবিকের তুলনায় কম বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। তবে বাংলাদেশ লাগোয়া কিছু জেলায় স্বাভাবিক বৃষ্টির পূর্বাভাস। বর্ষার শুরুতেই হোঁচট খাওয়ার আশঙ্কা, জুনে বাংলা-সহ গোটা দেশে কম বৃষ্টির পূর্বাভাস। বৃষ্টি কম হওয়ায় জুনে গরমও বেশি থাকবে। এল নিনো হল আবহাওয়াগত ঘটনা, যেখানে মধ্য ও পূর্ব প্রশান্ত মহাসাগরের উপরিভাগের তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় অনেকটা বেড়ে যায়। এর প্রভাবে দক্ষিণ-পূর্ব এশিয়া সহ বিশ্বের একাধিক অংশে গরম ও শুষ্ক জলবায়ু তৈরি হয়। গোটা পৃথিবীর আবহাওয়ার বড় অংশ নির্ভর করে প্রশান্ত মহাসাগরের তাপমাত্রার উপর। মহাসাগরের জলের উপরিভাগ ঠান্ডা হওয়ার প্রক্রিয়াকে বলে 'লা নিনা'। এর প্রভাবে অতিবৃষ্টি বা তীব্র শীতের সাক্ষী হয় পৃথিবী। আবার প্রশান্ত মহাসাগর যদি উষ্ণ হয়ে যায়, তাকে বলা হয় 'এল নিনো'। এর প্রভাবে অনাবৃষ্টি, খরা, প্রবল তাপপ্রবাহ হয়। মৌসম ভবন আগেই বলেছিল, ভারত, বাংলাদেশ, পাকিস্তান, নাইজেরিয়া, ইন্দোনেশিয়া, ফিলিপিন্সের মতো দেশ, যেখানে জনসংখ্যা বাকি দেশের তুলনায় অনেকটা বেশি, সেখানের নাগরিকরা তীব্র গরমে কষ্ট পেতে চলেছেন বিশ্ব উষ্ণায়নের কারণে। জুন মাসের শুরুতেই এল নিনো আসার কথা ছিল। সেই পূর্বাভাসই সত্যি হচ্ছে। ডঃ মৃত্যুঞ্জয় মহাপাত্র জানিয়েছেন, আগামী কয়েক মাসে এল নিনো আরও শক্তিশালী হবে। নাসার উপগ্রহ চিত্রেও ধরা পড়েছে যে প্রশান্ত মহাসাগরের উপরিভাগের নীচে উষ্ণ জল তৈরি হচ্ছে।

কেওড়াতলায় সম্পন্ন অনীক দত্তের শেষকৃত্য, বাবার মুখাগ্নি করলেন ঐশী

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৯ মেঃ বাংলা চলচ্চিত্র জগতের এক গুরুত্বপূর্ণ অধ্যায়ের অবসান। নন্দন ও এনটি-১ স্টুডিয়োয় শেষ শ্রদ্ধা গ্রহণের পর কেওড়াতলা মহাশ্মশানে সম্পন্ন হল পরিচালক অনীক দত্তের শেষকৃত্য। দুপুর প্রায় একটা নাগাদ শববাহী গাড়ি পৌঁছয় কেওড়াতলায়। সেখানে পরিবারের সদস্য, সহকর্মী এবং ঘনিষ্ঠজনদের উপস্থিতিতে সম্পন্ন হয় সমস্ত ধর্মীয় আচার। যন্ত্রণাদায়ক মুহূর্তের সাক্ষী থাকলেন উপস্থিত সকলে। বাবার শেষকৃত্যের দায়িত্ব পালন করেন অনীক দত্তের মেয়ে ঐশী দত্ত। সমস্ত রীতি মেনে বাবাকে শেষ বিদায় জানান তিনি। এই কঠিন মুহূর্তে তাঁর পাশে ছিলেন অনীকের প্রাক্তন স্ত্রী সন্ধি দত্ত। শেষকৃত্যে উপস্থিত ছিলেন টলিউডের একাধিক পরিচিত মুখ। ঐশীর পাশে দাঁড়িয়ে তাঁকে মানসিক শক্তি জোগাতে দেখা যায় অগ্নিমিত্রা পাল, সৌরভ দাস, লগ্নজিতা চক্রবর্তী, সৃজিত মুখোপাধ্যায়, রুদ্রনীল ঘোষ, সৌরসেনী মৈত্রা-সহ আরও অনেকে। শোকের আবহে তাঁদের উপস্থিতি যেন প্রমাণ করল, অনীক দত্ত শুধু একজন পরিচালক নন, বাংলা চলচ্চিত্র

জগতের বহু মানুষের অত্যন্ত কাছের মানুষও ছিলেন। সকাল থেকে শুরু হওয়া শেষযাত্রার পথ ছিল স্মৃতিতে মোড়া। প্রথমে নন্দনে সাধারণ মানুষের শ্রদ্ধাজ্ঞাপন, তারপর এনটি-১ স্টুডিয়োয় সহকর্মীদের শেষ বিদায়। সেখান থেকে কেওড়াতলার উদ্দেশে রওনা দেয় শববাহী গাড়ি। শেষবারের মতো প্রিয় পরিচালকের সঙ্গে পথচলায় সামিল হন তাঁর বহু সহযোদ্ধা। গানে গানে এদিন শেষশ্রদ্ধা জানান এনটি-১ এ উপস্থিত সকলে। কেওড়াতলার চিতায় অনীক দত্তের পার্থিব অস্তিত্বের অবসান ঘটলেও, তাঁর নির্মিত ছবিগুলি, তাঁর স্বতন্ত্র দৃষ্টিভঙ্গি এবং বাংলা সিনেমাকে দেওয়া অবদান দীর্ঘদিন বেঁচে থাকবে দর্শকদের মনে। এদিন কেওড়াতলা মহাশ্মশানে দাঁড়িয়ে বিধায়ক রুদ্রনীল ঘোষ জানান, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশে অনীক দত্তের ছবি মুক্তি করা হবে নন্দনে। পরিবারের অশ্রু, সহকর্মীদের নীরবতা এবং অনুরাগীদের শ্রদ্ধার মধ্য দিয়েই শেষ হল এক সৃষ্টিশীল মানুষের জীবনের শেষ অধ্যায়।

দেশজুড়ে ১২টি ঠিকানায় তল্লাশি অভিযান এনআইএ-র

নয়াদিল্লি(সংবাদ সংস্থা), ২৯ মে ঃ ভারত-পাকিস্তান সীমান্ত দিয়ে ড্রোন মারফত আসা বিপুল পরিমাণ অস্ত্র ও আইইডি উদ্ধারের মামলার তদন্তে দেশজুড়ে বড়সড় তল্লাশি অভিযানে নামল জাতীয় তদন্তকারী সংস্থা এনআইএ। শুক্রবার উত্তর প্রদেশ, রাজস্থান, বিহার এবং মহারাষ্ট্র- এই চার রাজ্যের মোট ১২টি ঠিকানায় একযোগে তল্লাশি চালান এনআইএ আধিকারিকেরা। জানা গেছে, উত্তর প্রদেশের ৫টি, রাজস্থানের ২টি, বিহারের ২টি এবং মহারাষ্ট্রের ৩টি স্থানে তল্লাশি অভিযান চালায় এনআইএ আধিকারিকরা।কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সূত্রে খবর, পাকিস্তানি চর জসবীর চৌধুরী এবং তার ভারতীয় সহযোগীরা ড্রোন ব্যবহার করে সীমান্ত এলাকা থেকে প্রচুর অস্ত্র, গোলাবারুদ ও বিস্ফোরক নিয়ে আসে। তদন্তকারীদের সূত্রে জানা গেছে, পঞ্জাব, দিল্লি-সহ ভারতের বিভিন্ন প্রান্তে ব। ধরনের বিস্ফোরণ ঘটানো ছিল এই চক্রের মূল উদ্দেশ্য।

ভারত-আমেরিকা অন্তর্বর্তী বাণিজ্য চুক্তির খুব কাছাকাছিঃপীযূষ গোয়েল

নয়াদিল্লি, নিউইয়র্ক(সংবাদ সংস্থা), ২৯ মে ঃ ভারত ও আমেরিকার মধ্যে প্রস্তাবিত বাণিজ্য চুক্তি নিয়ে আলোচনা ইতিবাচক অগ্রগতি হয়েছে এবং দুই দেশই একটি অন্তর্বর্তী বাণিজ্য চুক্তি্র খুব কাছাকাছি পৌঁছে গিয়েছে বলে জানালেন কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল। বৃহস্পতিবার নিউইয়র্কে আন্তর্জাতিক বাণিজ্য ও শিল্প জগতের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে তিনি এই মন্তব্য করেন। পরে সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্স-এ পীযূষ গোয়েল জানান, মার্কিন-ভারত কৌশলগত অংশীদারিত্ব ফোরাম (ইউ. এস. আই. এস. এফ)-এর সহযোগিতায় আয়োজিত এক গোলটেবিল বৈঠকে তিনি ৫০-র বেশি আন্তর্জাতিক শিল্প ও বাণিজ্য প্রতিনিধির সঙ্গে আলোচনা করেছেন।মন্ত্রী জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী-র নেতৃত্বে ভারতের দ্রুত অর্থনৈতিক উন্নয়ন, সংস্কারভিত্তিক ব্যবসায়িক পরিবেশ এবং বিশ্ব বিনিয়োগকারীদের জন্য বাড়তে থাকা সুযোগ নিয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়। পাশাপাশি ভারত-আমেরিকার মধ্যে বাণিজ্য, বিনিয়োগ, উদ্ভাবন ও সাপ্লাই চেন অংশীদারিত্ব আরও শক্তিশালী করার বিষয়েও মতবিনিময় হয়।এদিন পীযূষ গোয়েল বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার শীর্ষ কর্তার সঙ্গেও পৃথক বৈঠক করেন। মরগান স্ট্যানলির চেয়ারম্যান ও সিইও টেড পিকের সঙ্গে ভারতে দীর্ঘমেয়াদি বিনিয়োগ এবং প্রাতিষ্ঠানিক অংশীদারিত্ব নিয়ে আলোচনা হয়। এছাড়া ওয়ারবার্গ পিঙ্কাসের চেয়ারম্যান চিপ কে-র সঙ্গে বৈশ্বিক বিনিয়োগ পরিস্থিতি এবং ভারতের সম্ভাবনা নিয়ে মতবিনিময় করেন তিনি।অ্যামনিয়াল ফার্মাসিউটিক্যালসের সহ-প্রতিষ্ঠাতা ও সহ-সিইও চিন্টু প্যাটেলের সঙ্গে ভারতের ওষুধ শিল্পে বিনিয়োগ ও উদ্ভাবনের সুযোগ নিয়ে আলোচনা হয়। পাশাপাশি মাস্টারকার্ডের সিইও মাইকেল মিব্যাকের সঙ্গে ডিজিটাল বাণিজ্য, সাইবার নিরাপত্তা এবং নতুন প্রজন্মের পেমেন্ট সিস্টেম নিয়ে সহযোগিতা বাড়ানোর বিষয়েও আলোচনা করেন গোয়েল।উল্লেখ্য, আগামী ১ থেকে ৪ জুনের মধ্যে আমেরিকার একটি প্রতিনিধি দল নয়াদিল্লি সফরে আসছে। সেই বৈঠকে অন্তর্বর্তী বাণিজ্য চুক্তির খসড়া চূড়ান্ত করা এবং বৃহত্তর দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তির আওতায় বাজারে প্রবেশাধিকার, শুল্ক বহির্ভূত বাণিজ্যিক বাধা ও কাস্টমস সংক্রান্ত বিষয় নিয়েও দুই দেশের মধ্যে আলোচনা আরও এগোবে বলে জানা গিয়েছে।

AUCKLAND INTERNATIONAL LIMITED

CIN- L36934WB1977PLC031184
Regd. Office : Jagatdal, North 24 Parganas, W.B.743125
Phones: (033) 2581-2038/25812757 Fax: (033) 2581-3795
Email: ail@aucklandjute.com Website: www.aucklandjute.com

EXTRACT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2026
(Rs. in Lakhs except EPS)

Sl. No.	PARTICULARS	Quarter Ended 31.03.2026 (Audited)	Quarter Ended 31.12.2025 (Unaudited)	Quarter Ended 31.03.2025 (Audited)	Year Ended 31.03.2026 (Audited)	Year Ended 31.03.2025 (Audited)
1	Total income from operations (net)	5558.11	5516.48	5205.41	21747.34	17962.19
2	Net Profit / (Loss) for the period (before tax, Exceptional and/or Extraordinary items)	8.79	120.46	68.60	413.82	514.68
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	8.79	120.46	68.60	413.82	514.68
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	(3.87)	105.46	42.88	305.16	394.87
5	Total comprehensive income for the period (Comprising Profit/(Loss) for the period after tax and other Comprehensive income after tax)	(21.98)	128.15	31.09	342.98	383.23
6	Paid up Equity Share Capital (Face Value of Rs.10/- per share)	1026.70	1026.70	1026.70	1026.70	1026.70
7	Reserves (excluding Revaluation Reserve as shown in the Audited Balance Sheet of previous year)	_	-	_	6006.33	6279.37
8	Earnings Per Share (of Rs.10/- each)					
	Basic :	(0.04)	1.03	0.42	2.97	3.85
	Diluted:	(0.04)	1.03	0.42	2.97	3.85

Notes:
(1) The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly Financial Results are available on the Stock Exchange website (www.cse-india.com) and also on the Company's website (www.aucklandjute.com)
(2) The above audited results were reviewed by the Audit Committee and thereafter approved by the Board of Directors at its meeting held on Friday, 29th May, 2026.
(3) The figures for the quarter ended 31st March 2026 and 31st March 2025 are the balancing figures between audited figures in respect of the full financial year ended 31st March 2026 and 31st March 2025 and the published year to date unaudited figures up to the third quarter ended 31st December 2025 respectively.

For Auckland International Limited
Sd/-
Prayas Dugar
Executive Director
DIN:00245893

Place : Kolkata
Date :29.05.2026

DUDHORIA CONSTRUCTION CO. LTD.

CIN No. L45201WB1981PLC033825
Regd. Office : 53C, Mirza Ghalib Street, Kolkata - 700 016 **Email:** progressiveservicesindia@gmail.com
Statement of Audited Financial Results for the Quarter/Year ended 31st March, 2026
(Rs. In Lakhs)

SI No	Particulars	Quarter Ended 31.03.2026 (Audited)	Quarter Ended 31.12.2025 (Unaudited)	Quarter Ended 31.03.2025 (Audited)	Year Ended 31.03.2026 (Audited)	Year Ended 31.03.2025 (Audited)
1	**Revenue From Operations**					
	(a) Interest Income	17.38	23.52	25.06	89.96	100.54
	Total Revenue From Operations	**17.38**	**23.52**	**25.06**	**89.96**	**100.54**
II	Other Income	0.05	0.01	2.01	0.06	2.02
III	**Total Income**	**17.43**	**23.53**	**27.07**	**90.02**	**102.56**
IV	**Expenses**					
	(a) Finance Costs	0.40	0.13	(0.05)	0.85	0.50
	(b) Purchase of Stock In Trade	-	-	-	56.00	-
	(c) Changes in Inventories of Work In Progress	(22.44)	(1.12)	(0.31)	(80.98)	(0.69)
	(d) Employees Benefit Expenses	2.89	2.88	1.80	10.56	7.65
	(e) Depreciation and Amortisation Expenses	3.05	2.82	3.02	11.18	10.07
	(f) Other Expenses	27.88	5.91	6.37	46.04	21.55
	Total Expenses	**11.78**	**10.62**	**10.83**	**43.65**	**39.08**
V	**Profit / (Loss) before tax (III - IV)**	**5.65**	**12.91**	**16.24**	**46.37**	**63.48**
VI	**Tax Expenses**					
	1) Current tax	12.81	-	16.49	12.81	16.49
	2) Deferred Tax	(0.65)	-	(0.44)	(0.65)	(0.44)
	Total Tax Epenses	**12.16**	**-**	**16.05**	**12.16**	**16.05**
VII	**Profit/(Loss) for the period(V-VI)**	**(6.51)**	**12.91**	**0.19**	**34.21**	**47.43**
VIII	Other Comprehensive Income		-		-	
IX	**Total Comprehensive Income (VII - VIII)**	**(6.51)**	**12.91**	**0.19**	**34.21**	**47.43**
X	Paid Up Equity Share Capital (F.V. Rs. 10/- each)	142.68	142.68	142.68	142.68	142.68
XI	Earning Per Share (F.V. Rs.10/- each) (not annualised)					
	1) Basic (₹)	(0.46)	0.90	0.01	2.40	3.32
	2) Diluted (₹)	(0.46)	0.90	0.01	2.40	3.32

STANDALONE BALANCE SHEET AS AT 31.03.2026
(Rs. In Lakhs)

STATEMENT OF ASSETS AND LIABILITIES

		31.03.2026 (Audited)	31.03.2025 (Audited)
	ASSETS		
1	**FINANCIAL ASSETS**		
a	Cash and Cash Equivalents	33.89	24.72
b	Bank balances other than Cash and Cash Equivalents	921.75	1,281.25
c	Loans	97.75	120.65
d	Other Financial Assets	1.87	1.82
2	NON FINANCIAL ASSETS		
a	Inventories	545.27	464.29
b	Deferred Tax Assets (Net)	14.41	13.76
c	Investment Property	768.15	435.00
d	Property, Plant & Equipment	25.82	32.41
e	Other Non- Financial Assets	36.29	35.98
	Total Assets	**2,445.20**	**2,409.88**
	LIABILITIES AND EQUITY		
I	**LIABILITIES**		
1	**FINANCIAL LIABILITIES**		
a	Borrowings (Other than Debt Securities)	5.68	9.39
b	Other Financial Liabilities	-	0.07
2	**NON FINANCIAL LIABILITIES**		
a	Current Tax Liabilities (Net)	3.29	1.41
b	Other Non-Financial Liabilities	4.47	1.46
II	EQUITY		
a	Equity Share Capital	142.68	142.68
b	Other Equity	2,289.08	2,254.87
	Total Liabilities and Equity	**2,445.20**	**2,409.88**

Cash Flow Statement for the year ended 31.03.2026

		Annual 31.03.2026 (Audited)	Annual 31.03.2025 (Audited)
A.	**CASH FLOW FROM OPERATING ACTIVITIES**		
	Net Profit Before Tax & Extraordinary Items	46.37	63.48
	Adjustment for :		
	Provision for Standard Assets / (W/Off)	(0.06)	0.08
	Depreciation Expenses	11.18	10.07
	(Profit)/Loss from sale of Property, Plant and Equipment	-	(1.56)
	Interest Expenses on Loan from Bank	0.56	0.47
	Operating Profit before Working Capital Adjustment	**58.05**	**72.54**
	Changes in Working Capital		
	(Increase)/Decrease in Loans	22.90	(33.64)
	(Increase)/Decrease in Other Financial Assets	(0.05)	(0.06)
	(Increase)/Decrease in Inventories	(80.98)	(0.69)
	(Increase)/Decrease in Current Tax Asset	-	-
	(Increase)/Decrease in Other Non-Financial Assets	(0.31)	(0.01)
	Increase/(Decrease) in Other Financial Liabilities	(0.08)	0.04
	Increase/(Decrease) in Current Tax Liabilities	1.88	0.60
	Increase/(Decrease) in Other Non-Financial Liabilities	3.01	(3.15)
	Cash Generated from Operation	**4.42**	**35.63**
	Less: Payment of Taxes	(12.81)	(16.49)
	Net cash flow from operating activities (A)	**(8.39)**	**19.14**
	CASH FLOW FROM INVESTING ACTIVITIES		
	Purchase of Investments	(333.14)	(6.18)
	Purchase of Property, Plant & Equipment	(4.59)	(14.91)
	(Increase)/Decrease in Fixed Deposits	359.50	21.25
	Sale of Property, Plant & Equipment	-	3.36
	Provision for Standard Assets / (W/Off)	0.06	(0.08)
	Net cash realised from Investing Activities (B)	**21.83**	**3.44**
	CASH FLOW FROM FINANCING ACTIVITIES		
	Increase/(Decrease) in Borrowings	(3.71)	1.28
	Interest Expenses on Loan from Bank	(0.56)	(0.47)
	Net cash realised from financing activities (C)	**(4.27)**	**0.81**
	Net increase/(Decrease) in cash and cash equivalent	**9.17**	**23.39**
	Opening Cash & Cash Equivalent	24.72	1.33
	Closing Cash & Cash Equivalent	**33.89**	**24.72**
	CLOSING CASH & CASH EQUIVALENT		
	Cash at Bank	10.55	0.66
	Cash in Hand	**23.34**	**24.06**
		33.89	**24.72**

Notes:-
1 The above Standalone Financial Results which are published in accordance with the regulation 33 of the Securities and Exchange Board of India (Listing Obligation & Disclosure Requirement) Regulations, 2015 have been reviewed and recommended by Audit Committee and has been aprroved by the Board of Directors at its Meeting held on Thursday, May 28, 2026. The Financial Results are accordance with Indian Accounting Standard (Ind-AS) as prescribed under Sectin 133 of the Companies Act, 2013 read with Rule 3 of Companies (Indian Accounting Standard) Rules, 2015 and Companies (Indian Accounting Standard) Rules, 2016, The Result have been audited by the Statutory Auditors of the Company.
2 The Company operates mainly in one business segment i.e Investment & Finance and all other activities revolve around the main activity and as such there are no other reportable segment as identified by the Chief Operating Decision Maker of the company as required under Ind AS 108.
3 No Investors Complaints were pending at the beginning of the quarter and none were received during the quarter.
4 Previous Year figures are regrouped / reclassified, to confirm to the current period classification.
5 The figures for the 3 Months ended on March 31, 2026 are the balancing figures between the audited figures in respect of full financial year and published unaudited year to date figures upto the 9 Months of the respective financial year. which were subjected to Limited Review Report by the Auditors.
6 As the company has no subsidiary Regulation 33(3)(b) of SEBI (LODR) (Amendment) Regulations, 2018 is not applicable on our Company.
7 Disclosures of Debt Service Coverage Ratio and Interest Service Coverage Ratio is not mandatory for NBFCs registered with RBI as exempted under Regulation 54(2) of SEBI (LODR), 2015. Hence, the same has not been disclosed by virtue of such exemption.

For and on behalf of Board of Directors
Sd/- Ashok Kumar Jain
Managing Director
DIN:00663565

Place : Kolkata
Date : 28.05.2026

উৎক্ষেপণের আগেই ব্লু অরিজিনের ‘নিউ গ্লেন’ রকেটে ভয়াবহ বিস্ফোরণ

ফ্লোরিডা, ২৯ মে ঃআমেরিকার ধনকুবের জেফ বেজোসের মহাকাশ সংস্থা ব্লু অরিজিনের ‘ নিউ গ্লেন’ রকেট পরীক্ষামূলক উৎক্ষেপণের আগেই ভয়াবহ বিস্ফোরণে ধ্বংস হয়ে গেল। বৃহস্পতিবার (স্থানীয় সময়) ফ্লোরিডায় ‘হট -ফায়ার টেস্ট’-এর সময় আচমকা প্রযুক্তিগত ত্রুটির জেরে বিস্ফোরণ ঘটে। মুহূর্তে আগুন ও ধোঁয়ায় ঢেকে যায় গোটা লঞ্চপ্যাড। যদিও ঘটনায় কোনও হতাহতের খবর নেই।ব্লু অরিজিন জানিয়েছে, পরীক্ষার সময় একটি ‘ অ্যানোম্যালি’ বা প্রযুক্তিগত ত্রুটি দেখা দেয়। হট-ফায়ার টেস্টে সাধারণত রকেটকে মাটিতে স্থির অবস্থায় রেখে ইঞ্জিন চালানো হয়, যাতে উৎক্ষেপণের আগে সমস্ত সিস্টেম পরীক্ষা করা যায়। কিন্তু পরীক্ষার মাঝেই নিউ গ্লেন রকেটটিতে আচমকা বিস্ফোরণ ঘটে।ঘটনার পরে জেফ বেজোস এক্স হ্যান্ডলে লেখেন, আজ খুব খারাপ একটা দিন। তবে আমরা আবার ঘুরে দাঁড়াব। তবে তিনি জানিয়েছেন, তাঁর সংস্থার সমস্ত কর্মী নিরাপদে রয়েছেন এবং বিস্ফোরণের কারণ খতিয়ে দেখা হচ্ছে।উল্লেখ্য, ইলন মাস্কের স্পেসএক্সের সঙ্গে প্রতিযোগিতায় নামা ব্লু অরিজিনের জন্য এটি বড় ধাক্কা বলে মনে করা হচ্ছে। পুনর্ব্যবহারযোগ্য এই হেভি-লিফট রকেট ভবিষ্যতের চন্দ্র অভিযান ও নাসার আর্টেমিস প্রকল্পে গুরুত্বপূর্ণ ভূমিকা নেওয়ার কথা ছিল। ঘটনার তদন্ত শুরু হয়েছে।

KAUSHAL INVESTMENTS LIMITED

Regd. Off:3, Bentinck Street, 4th Floor, Room No. D8, Kolkata-700001
CIN : L65993WB1981PLC033363; EMAIL : info@kaushalinvest.com
WEBSITE : www.kaushalinvest.com

EXTRACT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2026
(₹. in Lakhs)

SI No	Particulars	Quarter Ended 31.03.26 Audited	Quarter Ended 31.12.25 Unaudited	Quarter Ended 31.03.25 Audited	Year Ended 31.03.26 Audited	Year Ended 31.03.25 Audited
1	Total Income from Operations	11.81	-	14.58	11.81	29.85
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/ or Extraordinary items)	8.77	(2.28)	21.05	1.47	22.09
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/ or Extraordinary items)	8.64	(7.32)	21.05	(3.69)	22.09
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/ or Extraordinary items)	8.57	(7.32)	18.58	(3.77)	19.62
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	9.59	(7.32)	18.58	33.04	19.62
6	Equity Share Capital	314.00	314.00	314.00	314.00	314.00
7	Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) Basic & Diluted:	0.27	(0.23)	0.59	(0.12)	0.62

Notes:
1 The above is an extract of the detailed format of the Audited Financial Results for the Quarter and Year ended on March 31, 2026 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (LODR) Regulations, 2015. The full format of the Quarter and year ended Audited Financial Results is available on the Stock Exchange at www.cse-india.com and also on the websites of the company at www.kaushalinvest.com.
2 The above Financial Results have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors on May 29, 2026.

FOR KAUSHAL INVESTMENT LIMITED
Sd/-
Sumit Goyal
Managing Director
DIN: 03017130

Place : Kolkata
Date : 29.05.2026

VEDIKA CREDIT CAPITAL LIMITED

(CIN : U67120WB1995PLC069424)
Regd Office: C/O Mr. Subhir Dhara, Village - Chhota Kanthalia, P.O. - Shiuli Telini Para, Dist. - North 24 Parganas, P.S. - Titagar, West Bengal- 700121, India **Tel: 9135001217, 18001236018 (Toll free) , Website: www.teamvedika.com**

STATEMENT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED MARCH 31, 2026

(Amount in Rs. In lakhs)

S. No.	Particulars	Quarter ended Mar 31, 2026 (Audited)	Year ended March 31, 2026 (Audited)	Year ended March 31, 2025 (Audited)
1	Total Income from Operations	10241.54	32370.88	26555.46
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional, and/or Extraordinary items)	1081.24	4279.94	4109.51
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	1081.24	4279.94	4109.51
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	1007.82	3553.46	3078.19
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	1007.82	3553.46	3078.19
6	Paid up Equity Share Capital	3709.52	3709.52	3709.52
7	Security Premium Account	14867.60	14867.60	14867.60
8	Reserves (excluding Revaluation Reserve)	13290.97	9866.06	9866.05
9	Net worth	31868.09	31868.09	28443.18
10	Paid up Debt Capital / Outstanding Debt	148072.23	148072.23	98003.06
11	Outstanding Redeemable Preference Shares	NIL	NIL	NIL
12	Debt Equity Ratio	4.65	4.65	3.45
13	Annualized Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) -			
	1. Basic:	2.72	9.58	8.30
	2. Diluted:	2.72	9.58	8.30
14	Capital Redemption Reserve	Not Applicable	Not Applicable	Not Applicable
15	Debenture Redemption Reserve	Not Applicable	Not Applicable	Not Applicable
16	Debt Service Coverage Ratio	Not Applicable	Not Applicable	Not Applicable
17	Interest Service Coverage Ratio	Not Applicable	Not Applicable	Not Applicable

** Figures for the quarter ended are not annualized.*

Notes:
1. The above is an extract of the detailed format of quarterly financial statements filed with the Stock Exchange under Regulation 52 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.
2. For the other line items referred in regulation 52 (4) of the LODR Regulations, pertinent disclosures have been made to the Stock Exchange i.e. BSE Limited and can be accessed on the websites of the BSE Limited **www.bseindia.com** and website of the company.

For and on behalf of the Board of Directors

Place : Ranchi
Date : 29 May 2026

Vikram Jain
(Whole Time Director)
DIN: 00367570

DECILLION FINANCE LIMITED

Regd. Off: Jajodia Tower ,3, Bentinck Street, 4th Floor, Room No. D-8, Kolkata - 700 001
CIN : L65999WB1995PLC067887
E-MAIL : info@decillion.co.in WEBSITE : www.decillion.co.in

EXTRACT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER & YEAR ENDED 31ST MARCH, 2026
(₹. in Lakhs)

Sl. no	Particulars	Quarter Ended 31.03.26 Audited	Quarter Ended 31.12.25 Unaudited	Quarter Ended 31.03.25 Audited	Year Ended 31.03.26 Audited	Year Ended 31.03.25 Audited
1	"Total Income from Operations	25.05	25.08	26.38	104.47	104.70
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items)	(12.82)	(32.71)	21.95	(3.05)	8.83
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	(12.82)	(32.71)	21.95	(3.05)	8.83
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/ or Extraordinary items)	(11.05)	(24.54)	19.56	(3.33)	6.60
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	(11.05)	(24.54)	22.19	0.16	6.60
6	Equity Share Capital	350	350	350	350	350
7	Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) Basic & Diluted:	(0.32)	(0.70)	0.56	(0.10)	0.19

Notes :
1 The above is an extract of the detailed format of the Audited Financial Results for the Quarter and Year ended 31st March, 2026 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (LODR) Regulations, 2015. The full format of the Quarter and Year ended Financial Results is available on the Stock Exchange at www.bseindia.com & www.cse-india.com and also on the websites of the company at www.decillion.co.in.
2 The above results have been reviewed by the audit committee and approved by the Board of Directors at their meeting held on 29th May, 2026

For and on behalf of the Board
For Decillion Finance Limited
Sd/-
(Jitendra Kumar Goyal)
Managing Director
DIN: 00468744

Place : Kolkata
Date : 29.05.2026

J R D FINANCE LIMITED

Reg. Off : 1/1A, Biplabi Anukul Chandra Street, 5th Floor, Room No. 5G, Kolkata - 700 072, Tel: + 91 33 4006 6062; **Email Id**: fin.jrd@gmail.com
Website : www.jrdfinance.com **CIN: L65999WB1993PLC058107**

EXTRACT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2026
(₹. in Lacs)

Sl. no	Particulars	Quarter Ended 31.03.26 (Audited)	Quarter Ended 31.12.25 (Unaudited)	Quarter Ended 31.03.25 (Audited)	Year Ended 31.03.26 (Audited)	Year Ended 31.03.25 (Audited)
1	Total Income from operations	78.57	93.20	78.12	336.73	325.01
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/ or Extraordinary items)	1.34	2.66	1.35	10.68	12.18
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	1.34	2.66	1.35	10.68	12.18
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	0.70	2.01	0.71	7.64	9.09
5	Total Comprehensive Income for the period [Comprising Profit/ (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	0.70	2.01	0.71	7.64	9.09
6	Equity Share Capital	337.03	337.03	337.03	337.03	337.03
7	Reserves (excluding Revaluation Reserve as shown in the Audited Balance Sheet of previous year)	-	-	-	448.33	440.69
8	Earnings Per Share (of ₹.10/- each) (for continuing and discontinued operations) -					
	Basic: ₹	0.02	0.06	0.02	0.23	0.33
	Diluted: ₹	0.02	0.06	0.02	0.23	0.33

Notes:
1. The above financial results which have been prepared in accordance with (Indian Accounting Standard) Rules, 2015 (IND AS) prescribed under section 133 of the Companies Act , 2013 and Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 read with SEBI circular dated July 5, 2016, have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors at their respective meeting held on May, 29, 2026 and the audited results for the year ended March 31, 2026 have been duly audited by the statutory auditor of the company.
2. The Company is engaged in providing assistance to Corporate Bodies through Syndication of loans from various Bodies Corporate/Banks and Financial Institutions. In term of Ind AS 108 "Operating Segment", the Company has one business segment i.e. Financing Activities and related products and all other activities revolve around the said business.
3. Figures for the last quarter are balancing figures between Audited Figures in respect of full financial year and the un-audited published year to date figures upto the third quarter of the finance year.
4. The full format of these financial results are available on the website of the Stock Exchange at www.msei.in and the Company's website at www.jrdfinance.com.
5. Previous period's figures have been regrouped / rearranged wherever necessary.

For J R D Finance Limited
Sd/-
Dilip Kumar Choudhary
Whole Time Director
(DIN-00080390)

Place : Kolkata
Date : 29.05.2026

OFFICE OF THE MSVP
M.J.N. Medical College & Hospital
Silver Jubilee Road, Coochbehar
e-Tender Notice
Tender is invited for "Hiring of Vehicle without Air-Condition" at MJNMCH vide Memo No. **2579/MSVP/MJNMCH/2026, Dated: 27/05/2026**. Details are available from the following sites: **www.wbtenders.gov.in, www.coochbehar.gov.in, www.mjnmch.ac.in**
Sd/-MSVP, MJNMC&H Cooch Behar

OFFICE OF THE MSVP
M.J.N. Medical College & Hospital
Silver Jubilee Road, Coochbehar
e-Tender Notice
Tender is invited for "Hiring of Vehicle without Air-Condition" at MJNMCH vide Memo No. **2578/MSVP/MJNMCH/2026, Dated: 27/05/2026**. Details are available from the following sites: **www.wbtenders.gov.in, www.coochbehar.gov.in, www.mjnmch.ac.in**
Sd/-MSVP, MJNMC&H Cooch Behar

OFFICE OF THE MSVP
M.J.N. Medical College & Hospital
Silver Jubilee Road, Coochbehar
e-Tender Notice
Tender is invited for "Hiring of Vehicle without Air-Condition" at MJNMCH vide Memo No. **2576/MSVP/MJNMCH/2026, Dated: 27/05/2026**. Details are available from the following sites: **www.wbtenders.gov.in, www.coochbehar.gov.in, www.mjnmch.ac.in**
Sd/-MSVP, MJNMC&H Cooch Behar

রাশিফল

মেষঃ আজকের দিনটা নতুন এনার্জি আর নতুন সম্ভাবনা নিয়ে আসবে। আপনার আত্মবিশ্বাস বাড়বে, যা আপনাকে আপনার লক্ষ্যগুলোর দিকে এগিয়ে যেতে সাহায্য করবে। ব্যবসায় নতুন প্ল্যান শুরু করার জন্য এটা ভাল সময়।।
বৃষঃ অসুস্থতা থেকে সেরে ওঠার সুযোগ বেশী যা আপনাকে প্রতিযোগিতামূলক খেলাধুলাতে অংশ নিতে সাহায্য করবে। শুভদিন
মিথুনঃআজকের দিনটা আপনার জন্য গুরুত্বপূর্ণ সুযোগে ভরা। আপনার কমিউনিকেশন স্কিলস আপনাকে আইডিয়া গুলো ভালভাবে প্রকাশ করতে সাহায্য করবে। ব্যবসা বা কেরিয়ারে এগোনোর জন্য এটা ভাল সময়।
কর্কট রাশি ঃকিছু উত্তেজনা এবং মতপার্থক্য আপনাকে খিটখিটে এবং অশান্ত করতে পারে। আজ, আপনি আপনার ভাই বা বোনের সাহায্য থেকে সুবিধা পেতে পারেন।
সিংহঃআজকের দিনটা আপনার পেশাগত জীবনে ইতিবাচক পরিবর্তন নিয়ে আসবে। আপনার আত্মবিশ্বাস আর এনার্জি আপনাকে এগিয়ে যেতে সাহায্য করবে।।
কন্যাঃ কোন সাধুসন্তের কাছ থেকে কোন স্বর্গীয় জ্ঞান আপনাকে শান্তি এবং স্বস্তি দেবে। বিবাহের যোগ হবে
তুলাঃআজ চিন্তাভাবনা করে সিদ্ধান্ত নেওয়ার দিন এবং স্পষ্টতা থাকবে। আপনার ক্রিয়েটিভিটি আপনাকে ব্যক্তিগত এবং প্রফেশনাল জীবনে এগিয়ে যেতে সাহায্য করবে।
বৃশ্চিকঃ বন্ধুরা সহায়ক হবে এবং আপনাকে খুশি রাখবে। খরচ বাড়বে কিন্তু আয়ের উত্থান আপনার বিলগুলির তত্ত্বাবধান করবে।
ধনুঃ আজকের দিনটা আশাবাদী ভাবনা আর নতুন সুযোগে ভরা। আপনি নতুন আইডিয়া নিয়ে ভাবতে বা কিছু উত্তেজনাপূর্ণ শুরু করতে অনুপ্রাণিত হতে পারেন।
মকরঃ ঘরের উত্তেজনা আপনাকে ক্রুদ্ধ করবে। সেগুলি চেপে রাখা কেবলমাত্র শারীরিক সমস্যা বাড়াবে। শারীরিক কাজকর্মের সাথে এটির হাত থেকে মুক্তি পান। অর্থ ব্যয়।
কুম্ভঃ আপনার আশা একটি সুন্দর কোমল সুগন্ধি এবং উজ্জ্বল ফুলের মত প্রস্ফুটিত হবে। আপনার বিবেচনা না করে আপনার কাউকে আপনার ঋণ দেওয়া উচিত নয়, কারণ এটি ভবিষ্যতে বড় সমস্যা তৈরি করতে পারে। সংসারে শান্তি।
মীনঃকটি খুশির দিনে মানসিক উত্তেজনা এবং চাপ এড়িয়ে চলুন। বিনোদন এবং রূপচর্চায় বেশী খরচ নয়। সামাজিক জীবনেও অবহেলা করবেন না।

আবহাওয়া

তীব্র দাবদাহের পর গত দু'দিনের ঝড়-বৃষ্টিতে কিছুটা স্বস্তি মিলেছে দক্ষিণবঙ্গে। শুক্রবারও দক্ষিণবঙ্গের কলকাতা সহ একাধিক জেলায় কালবৈশাখীর প্রবল সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। তবে দক্ষিণবঙ্গে ঝড়-বৃষ্টির পূর্বাভাস থাকলেও উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ কমবে বলে জানানো হয়েছে।আবহাওয়া দফতরের পূর্বাভাস অনুযায়ী, শুক্রবার বিকেলের পর কলকাতা ও পার্শ্ববর্তী শহরতলি এলাকায় ঘণ্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। সেই সঙ্গে হতে পারে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি। তবে এদিন দক্ষিণবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম এবং বাঁকুড়া জেলায় ঝড়-বৃষ্টির দাপট সবচেয়ে বেশি থাকবে। এই জেলাগুলিতে ঘণ্টায় ৬০ থেকে ৭০ কিলোমিটার বেগে দমকা বাতাস বইতে পারে। দুর্যোগপূর্ণ আবহাওয়ার জেরে মস্যজীবীদের সমুদ্রে যেতে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। আলিপুর আবহাওয়া দফতর আরও জানিয়েছে যে, এই সপ্তাহের শেষে অর্থা শনি এবং রবিবারও দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্ত ঝ।-বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সে সময় ঘণ্টায় ৩০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে। তবে রবিবারের পর থেকে বৃষ্টির দাপট কমবে। আগামী সোমবার থেকে বুধবারের মধ্যে ফের তাপমাত্রার পারদ চ।বে এবং আর্দ্রতাজনিত অস্বস্তিকর গরম আবার ফিরে আসবে।অন্য দিকে, শুক্রবার উত্তরবঙ্গের দার্জিলিং, মালদা এবং দুই দিনাজপুরে বজ্রবিদ্যুৎ-সহ সামান্য ঝড়-বৃষ্টির সম্ভাবনা থাকলেও, সেখানে আর কোনও ভারী বৃষ্টির সতর্কতা নেই। শনিবার থেকে উত্তরবঙ্গে ঝ।ড়বৃষ্টির সম্ভাবনা আরও কমবে বলে জানানো হয়েছে।আপেক্ষিক আর্দ্রতা আজ হতে পারে ৯০শত করা এবং সর্বনিম্ন ৬৩ শতকরা হতে পারে। বৃষ্টিপাত হতে পারে আবহাওয়া দপ্তর সূত্রে থেকে জানা যায় আজ

জোয়ার-ভাটা

জোয়ার-সকাল ০৯টা ৪৪মিনিট এবং রাত ০৯ টা ৪৪মিনিটে। **ভাটা**-বেলা ০২ টা ৪০মিনিট এবং রাত ১১টা ৫২ মিনিট। সূর্যঃউদয় সকাল ৪ টা ৫৮মিনিটে হতে পারেএবং অস্ত যাবে আজ ৬টা ১৪মিনিটে হতে পারে।

এঁড়ে জন্মে নিলে মানুষের স্ফূর্তি কম হয়, আনন্দ হয় বকনা জন্মালে

কৌশিক দাস ঃ এঁড়ে জন্মে নিলে মানুষের স্ফূর্তি কম হয়। আনন্দ হয় বকনা জন্মালে। বিখ্যাত নাটকের প্রায় প্রবাদে পরিণত হওয়া উক্তি আছে, 'খাচ্ছিল তাঁতি তাঁত বুনে। কাল হলো তার এঁড়ে গোরু কিনে।' রাজ্যের গোপালকরা এখন এঁড়ে গোরু কেনার থেকেও বড় সঙ্কটের মুখোমুখি। এঁড়ে মানে পুরুষ গোরু। বকনা কিংবা বকন মানে নারী গোরু। 'গোরুচাষীরা মানুষ। গো-পালনের উপর তাঁর সন্তানের পড়াশোনা, 'মেয়ের বিয়ে', মাস-বছরের খাওয়া দাওয়া, মোবাইলের রিচার্জ- সব নির্ভরশীল। নিজেদের সমাজে তাঁরা যা-ই করুন, গোরুর ক্ষেত্রে মানুষ নারী গোরুর জন্মেই বেশি খুশি হন। গোরুচাষীদের সেই জীবনযাপনের মেরুদণ্ডে ধাক্কা লেগেছে। রাজ্যে বিজেপি'র সরকার হয়েছে। ১৪ বছরের কম বয়সের গোরু বিক্রি প্রায় বন্ধ হয়েছে। গোরু জবাই করতে হলে পশু চিকিৎসকের শংসাপত্র লাগবে। শুধু তাঁর স্বাক্ষরেই কাজ হবে না। লাগবে পঞ্চায়েত সমিতির সভাপতির সইও। তারপর জবাই করা যাবে। জবাই করা যাবে প্রশাসনের নির্দিষ্ট করা জায়গায়। ১৯৫০ সালের যে আইনটির ভিত্তিতে সরকারের এই নির্দেশ, আইনজীবী বিকাশ ভট্টাচার্যর মতে সেই আইন তৈরি হয়েছিল কলকাতা এবং কালিম্পং পৌরসভার জন্য। গ্রামাঞ্চলের জন্য তা প্রযোজ্য নয়। কিন্তু এখন তা সমগ্র রাজ্যের জন্য। ফলে বকনাদের আগেই গোরু বিক্রি কার্যত বন্ধ। রাজ্যের বিজেপি সরকার অনুপ্রবেশকারীদের চিহ্নিত করে 'হোল্ডিং সেন্টার'-এ রাখার সিদ্ধান্ত ঘোষণা করেছেন। বিপন্ন গোপালকদের সুবিধার্থে সরকার কী অলাভজনক গোরুদের জন্যও এমন হোল্ডিং সেন্টার বানাবে? এই প্রশ্নের জবাবে বিজেপি'র মুর্শিদাবাদের বিধায়ক গৌরীশঙ্কর ঘোষ বলেছেন, 'তাঁরা নিশ্চয়ই এই আইনের পরবর্তী পদক্ষেপ ভেবেছে। আশা করি যাঁরা সমস্যায় পড়েছেন, তাঁরা সেই সমস্যা থেকে সুরাহা পাবেন।'' কিন্তু বিধায়কের আশা গোপালকদের কাছে পৌঁছয়নি। তাঁরা কোনও আশা দেখছেন না। সর্বশেষ পশু সমীক্ষার রিপোর্ট অনুসারে দেশের সবচেয়ে বেশি গবাদি পশুর ঠিকানা পশ্চিমবঙ্গ। ২০২৫-এর জানুয়ারিতে সংসদে পেশ হওয়া রিপোর্ট অনুসারে রাজ্যে ১ কোটি ৯০ লক্ষের বেশি গবাদি পশু আছে। গবাদি পশু মানে গোরু এবং মোষ।

পশ্চিমবঙ্গের ঘাস, খড়, খোল খেয়ে বেঁচেবর্তে থাকা এই ১ কোটি ৯০ লক্ষের বেশি গবাদি পশুর মধ্যে গোরুরা সংখ্যাগরিষ্ঠ। এই গোরুদের যাঁরা লালন-পালন করেন তাঁরা 'গোরু চাষী'। এই নামেই গ্রাম বাংলায় চলে। আমরা একে শুদ্ধভাবে বলতে পারি গোপালক। রাজ্যের গোপালকদের এক ব। অংশ থাকেন মুর্শিদাবাদে। সেই জেলার দুগ্ধচাষী সমিতির সম্পাদক ভরত ঘোষের কথায়, ' মধ্যে হিন্দু আছেন, মুসলমানও আছেন। হিন্দুরাই বেশি। তবে হিন্দু হোন কিংবা মুসলমান, গোপালকদের প্রধানত গরিব গ্রামবাসী।'' এই গরিবরা পড়েছেন মহা মুশকিলে। সরকারের এই সিদ্ধান্তে তাঁদের জীবন-মরণ সমস্যা। এই সমস্যা শুধু বকনাদের উপর নির্ভরশীল নয়। কারণ, গোরু বিক্রি, কেনা সারা বছর চলে। খড়গ্রামের আইসা গ্রামের গোরুচাষী নীলকণ্ঠ ঘোষের কথায়, ' ১০ লিটার দুধ দেওয়া একটি সাধারণ গোরুর জন্য দৈনিক প্রায় ৩০০ টাকা খরচ। সেই গোরু ৫০ টাকার খড় কিংবা ঘাস খায়। ১৯০ থেকে ২০০ টাকার নেপালী খোল লাগে। এছাড়া ভাত, আটাও লাগে। ওষুধ সহ অন্যান্য খরচ আছে আরও প্রায় ৫০ টাকা।'' সারাদিনে একটি 'গোরুর দুধ বিক্রি করে দুগ্ধচাষীর লাভ ১০০ টাকা থেকে ১২৫ টাকা। কারণ- দুধের দাম এখন ৪০ টাকা লিটার। দুধের সমবায় সরাসরি দুধ বিক্রি করতে পারেন না চাষী। এখানেও ফড়ে আছে। তারাই ঠিক করা দাম- লিটার প্রতি ৪০ টাকা। 'ভালো গোরু মানে পশ্চিমবঙ্গে সাহিয়াল কিংবা জার্সি। এর বাইরে আরও ভালো জাতের গোরু আছে। সেই গোরু দিনে ২০ লিটার পর্যন্ত দুধ দিতে পারে। তবে সেই অনুপাতে তার পিছনে খরচও কিছুটা বেশি। ফলে গরিব দুগ্ধচাষীর ভরসা সেই সাধারণ গোরু। কিন্তু সরকারের নির্দেশিকার পর গোরুর অর্থনীতি নিয়ে এত মাথাব্যথা কেন? সরকার গোরু বিক্রি, গোরু জবাই আটকেছে। দুধ তো আটকায়নি। এই যুক্তি পাল্টা আসা স্বাভাবিক। এই ক্ষেত্রে খড়গ্রামের বিজেপি বিধায়ক মিতালি পালের স্বামী মিঠুন ঘোষের বক্তব্য শুনতে হবে। মিঠুন খড়গ্রামে বিজেপি'র ৩ নং মণ্ডলের সভাপতি। তাঁর কথায়, ' সাধারণ গোরু ৩ বছর থেকে গর্ভবতী হয়। দেড় বছর পরপর সে এঁড়ে কিংবা বকনার জন্ম দিতে পারে। একটি সাধারণ গোরু এমনভাবে বড় জোর ৬ বার গর্ভবতী হতে পারে। তারপর তার দুধ দেওয়ার ক্ষমতা কমে যায়। তখন সে আর চাষীর কাছে লাভজনক নয়। তখন সেই গোরু চাষী বিক্রি করতে চায়। বিক্রি করে আবার গোরু কিনতে পারে। আবার না-ও পারে। সেই টাকা তাঁর বাড়ির প্রয়োজনে খরচ করতে পারে। অধিকাংশ ক্ষেত্রে চাষী অভাবী বলেই সে গোরু বিক্রি করে।'' রাজ্যের বিজেপি সরকারের সিদ্ধান্তে তাহলে চাষী বিপদে পড়লো? বিজেপি'র মণ্ডল সভাপতি, বিধায়কের স্বামীর পক্ষে এই প্রশ্নের সরাসরি জবাব দেওয়া সম্ভব হয়নি। তিনি বলেছেন, 'দেখা যাক কী হয়।'গোপালকরা বেজায় ক্ষুব্ধ, সে খবর তাঁর কাছে আছে। এই গোপালকদের বড় অংশই গত বিধানসভা নির্বাচনে বিজেপি'কে ভোট দিয়েছেন। বিজেপির এই সিদ্ধান্ত কি 'গো মাতা রক্ষা' অভিযানের অংশ? রাজ্যের সরকারে হস্তক্ষেপ জোরদার করতে চাওয়া আরএসএস-কে খুশি করতেই তড়িঘড়ি এই সিদ্ধান্ত, এমন আশঙ্কাজনক মতামতই শোনা যাচ্ছে প্রশাসনিক অঙ্গনে। কিন্তু তা সারা দেশের ক্ষেত্রে এক হওয়া উচিত। হয়নি। গোরু পাচার আটকাতে এই সিদ্ধান্ত? না, তাও নয়। তার জন্য পুলিশ, বিএসএফ আছে। গোরু কেনাবেচায় কয়েক হাজার কোটি টাকার লেনদেন হয়। সরকারের এক সিদ্ধান্তে তা কার্যত বন্ধ। উল্টে গোপালকদের জীবন দুর্দশায় পড়েছে। সামগ্রিক ভাবে উদ্ভূত পরিস্থিতি না ভেবে রাজ্যের সরকারের এই সিদ্ধান্ত হঠকারী হয়েছে। রাজনীতির মেরুদণ্ড অর্থনীতি। তাই আবার গোরুর অর্থনীতিতে ফিরি। একটি গোরু সাধারণত ১০-১১ বছরের পর দুধ দেওয়া কমিয়ে দেয়। তখন সে যা দুধ দেয়, তার দামের থেকে তার খাওয়া খরচ বেশি হয়ে যায়। একটি গোরু তখন সর্বনিম্ন ৪০ হাজার টাকা, সর্বোচ্চ প্রায় ১ লক্ষ টাকায় বিক্রি হয়। সেই বিক্রি হিন্দুও করে, মুসলমানও করে। আর এঁড়ে? অর্থাৎ পুরুষ গোরু। তাকে ঘরে রেখে লাভ নেই। ভরত ঘোষের কথায়, 'গোরু পুষে চাষীর লাভ নেই। আজকাল কেউ মাঠে গোরু দিয়ে লাঙল ঠেলে না। ট্রাক্টর এসে গেছে অনেকদিন। তবে একটি এঁড়ের বয়স ২ বছর হলেই বিক্রি করা হয়। ৩-৪ বছরের মধ্যে তো বিক্রি হয়ই। ২-৩ বছরের এঁড়ে বিক্রি করে ৩০ থেকে ৫০ হাজারের মধ্যে টাকা পাওয়া যায়।'' সেই বিক্রিও বন্ধ। ' ঘরের পয়সায় দুধ কমে যাওয়া, অক্ষম গোরু এবং এঁড়েদের খাওয়াচ্ছেন। এই ভাবে কিছুদিন চললে চাষী নিজেই খেতে পাবেন না, গোরু, বাছুরকে কী করে খাওয়াবে? রাখবেই বা কোথায়? চাষীকে গোপালন ছা।তে হবে। যেভাবে কৃষক ধান চাষ ছা।ছেন, সেদিকেই যাবে বিষয়টি।'' বললেন অনিল পাল। তিনিও দুগ্ধচাষী, তবে বর্ধমানের আউশগ্রামের। হবে কী তাহলে? দুগ্ধচাষীরা একজোট হচ্ছেন। রাজ্যের 'যাদব সমিতি'র সদস্য, বিজেপি'র বিধায়ক গৌরীশঙ্কর ঘোষের মতো প্রভাবশালী মানুষও আটকাতে পারছেন না। দুগ্ধচাষীদের বক্তব্য, প্রথমত, সরকার পশু চিকিৎসকদের শংসাপত্রের কথা বলেছেন। রাজ্যে পশু চিকিৎসকের দারুণ অভাব। তার ব্যবস্থা করতে হবে। দ্বিতীয়ত, বেশিরভাগ পঞ্চায়েত সমিতি দখল করে বসেছিল তৃণমূল কংগ্রেস। বিধানসভা নির্বাচনে পরাজয়ের পরে পঞ্চায়েত সমিতির সেই তৃণমূলী সভাপতিরা আর অফিসে আসছেন না। তাঁদের সই জোগাড়ের দায়িত্ব প্রশাসনকেই নিতে হবে। তৃতীয়ত, এঁড়ে গোরু কিংবা অক্ষম গোরু, যার বয়স ১৪ হয়নি, তাদের সংরক্ষণ, রক্ষণাবেক্ষণের দায়িত্ব সরকারকে নিতে হবে।

তিলজলার বেআইনি নির্মাণ ভাঙায় আপাতত স্থগিতাদেশ, ৩০ দিনের মধ্যে শুনানির নির্দেশ হাই কোর্টের

এতদ্বারা সকল সুনির্দিষ্টভাবে সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের এবং সাধারণভাবে সকল জনসাধারণকে অবহিত করা হচ্ছে যে, আমরা, আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড (**''আইআইএফএল''**) সেইসব ডিফল্ট গ্রাহকদের সোনার অলঙ্কার নিলাম করছি যারা বারবার নোটিস ও রিমাইন্ডার পাঠানোর পরেও তাদের লোন রেগুলারাইজ করেননি বা বকেয়া অর্থ পরিশোধ করেননি। নিম্নোক্ত লোন অ্যাকাউন্টের অধীনে বন্ধক রাখা সোনার অলঙ্কারগুলির একটি সর্বজনীন নিলাম **30.06.2026** নির্ধারিত জেলা কেন্দ্রে **বীরভূম-বোলপুর জিএল - 1ম তলা, বোলপুর শ্রীনিকেতন রোড, পো ও পিএস - বোলপুর, জেলা - বীরভূম, পিন - 731204, সিপিআইএম পার্টি অফিসের পাশে, পশ্চিমবঙ্গ, সকাল 10:00 টায়** শুরু হবে। ভেন্যু বা তারিখের কোন পরিবর্তন (যদি প্রযোজ্য হয়) নিলাম সাইটে পোস্ট করা হবে। নির্দিষ্ট তারিখে নিলাম করা না গেলে বা একই দিনে সম্পন্ন না হলে, একই নিয়ম ও শর্তের অধীনে পরবর্তী তারিখে নিলাম পুনরায় শুরু বা পরিচালনা করার অধিকার আইআইএফএল সংরক্ষণ করে। গ্রাহকের মৃত্যুর ক্ষেত্রে, নিলামের সমস্ত শর্ত মনোনীত বা আইনি উত্তরাধিকারীর জন্য প্রযোজ্য হবে।

গোল্ড লোন অ্যাকাউন্ট নম্বর: GL38494404, GL36017660, GL40273470, GL35747511, GL40273230, GL39248951, GL38322317, GL42281130, GL39620168, GL39582929, GL43994888, GL39614584, GL37248407, GL34151591, GL38604769, GL39435031, GL39405861, GL41043879, GL34180700, GL33424129, GL29410943, GL42942088, GL39610080, GL39577272, GL45485758, GL42561504, GL36821947, GL43158267, GL44269700, GL37919258, GL35423493, GL33737596, GL37629434, GL36873127, GL37144358, GL36621356, GL37230678, GL36957922, GL36603268, GL36722640, GL38957826, GL35627932, GL38115873, GL36574137, GL37299338, GL34324639, GL39189923, GL38330294, GL36587042, GL47872212, GL39423248, GL39430668, GL38291151, GL35918835, GL38406828, GL35567385, GL39011955, GL34157495, GL36527730, GL39388757, GL48084778, GL36898566, GL39373843, GL34250610, GL36772853, GL36718591, GL22547904, GL34548227, GL34568888, GL34555227, GL36435857, GL43557470, GL43818256, GL44453763, GL39432561, GL45769550, GL47040736, GL47823008, GL42800699, GL39412346, GL45428663, GL46675312, GL46147417, GL29557730, GL35968476, GL32066473, GL44234251, GL39362720, GL39389187, GL46120766, GL45598585, GL46815354, GL43552681, GL48020969, GL44667262, GL48401850, GL39212096, GL39194742, GL35648419, GL37970421, GL39132731, GL38853652, GL38267665, GL39154369, GL37263701, GL39537950, GL38427217, GL35442276, GL37158092, GL35904241, GL35916446, GL39540753, GL39562796, GL48011201, GL42681101, GL44768072, GL47434211, GL43556486, GL39482578, GL39515883, GL36087373, GL38748539, GL37119124, GL36101496, GL34958367, GL34935645, GL38612768, GL39404052, GL37316886, GL39169828, GL40027871, GL39179341, GL39473565, GL39443045, GL39697125, GL36645439, GL36868470, GL38699996, GL34300376, GL39723286, GL39513674, GL39463417, GL48186553, GL32275736, GL32286374, GL27351819, GL38987422, GL39292729, GL48437809, GL39312124, GL41513371, GL41531806, GL39584788, GL39589280.

অকশন (নিলাম) ''যেখানে যেরকমভাবে আছে'', ''যেমতাবস্থায় আছে'' এবং ''যা আছে'' ভিত্তিতে পরিচালনা করা হবে এবং আইআইএফএল উল্লিখিত সোনার অলংকারের গুণমান, বিশুদ্ধতা, ক্যারেটেজ, ওজন বা ভ্যালুয়েশনের বিষয়ে কোনো প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি দেয় না। আইআইএফএল, কোনও পূর্ব নোটিশ ছাড়াই তার সম্পূর্ণ নিজস্ব বিবেচনার ভিত্তিতে, নিলাম তালিকা থেকে যে কোনও অ্যাকাউন্ট এবং কোনও কাজকে স্থগিত করতে পারে বা অপসারণ করতে পারে এবং তাই কোনও কারণ না জানিয়ে তারা যে কোনও একটি বা সমস্ত বিড বা অফার প্রত্যাখ্যান করতে পারে। খেলাপি করা ঋণগ্রহীতার বিবরণ, বন্ধক রাখা অলঙ্কার এবং অন্যান্য বিবরণ সংশ্লিষ্ট শাখায় প্রদর্শিত হয়েছে। খেলাপি ঋণগ্রহীতার(দের) কাছে সাম্প্রতিকতম সুদ এবং সমস্ত প্রযোজ্য চার্জ সহ সম্পূর্ণ বকেয়া পরিশোধ করার এবং এই নোটিশ প্রকাশের পরেও তাদের ঋণ অ্যাকাউন্ট বন্ধ করার বা সেটি নিয়মিত করার বিকল্প রয়েছে নিলামের তারিখ পর্যন্ত, কিন্তু এগুলি করতে ব্যর্থ হলে প্রতিশ্রুত নির্ধারিত সোনার অলঙ্কারগুলি বিক্রি করে দেওয়া হবে এবং বাকি বকেয়া (যদি থাকে) সুদ ও খরচ সহ আদায় করা হবে। তবে, এই প্রকাশনার পরে ক্লোজ বা রেগুলারাইজ করা লোন গুলোকে তাদের উপযুক্ত পাবলিকেশন চার্জ বহন করতে হবে। অকশনের অতিরিক্ত অর্থ ফেরতের জন্য ঋণগ্রহীতাদের তাদের লেটেস্ট ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ জমা / আপডেট করার অনুরোধ করা হচ্ছে, যদি থাকে।

বিস্তারিত তথ্য ও শর্তাবলীর জন্য আইআইএফএল ফাইন্যান্স লিমিটেডের সংশ্লিষ্ট শাখা অফিসে যোগাযোগ করুন।

স্থান: বীরভূম
তারিখ: 30.05.2026

Sd/-
অনুমোদিত স্বাক্ষর
আইআইএফএল ফাইন্যান্স লিমিটেড

ঘুম-দার্জিলিং রুটে চালু হচ্ছে বিশেষ টয়ট্রেন পরিষেবা

নিজস্ব প্রতিনিধি, দার্জিলিং, ২৯ মে ঃ গরমের ছুটিতে পর্যটকদের ভিড়ে জমজমাট দার্জিলিং পাহাড়। মনোরম আবহাওয়া, মেঘে ঢাকা রাস্তা ও ঐতিহ্যবাহী টয়ট্রেনের আকর্ষণে প্রতিদিনই বাড়ছে পর্যটকের সংখ্যা। তবে অতিরিক্ত ভিড় ও যানজটের চাপে সমস্যায় স্থানীয় বাসিন্দারা।

বিশেষ করে ঘুম থেকে দার্জিলিংয়ের মাত্র আট কিলোমিটার পথ পেরোতে লেগে যাচ্ছে ঘণ্টার পর ঘণ্টা। ভয়াবহ যানজটের প্রভাব পড়ছে স্কুল ও কলেজ পড়ুয়াদের দৈনন্দিন যাতায়াতেও। এই পরিস্থিতিতে ছাত্রছাত্রীদের স্বস্তি দিতে অভিনব উদ্যোগ নিল দার্জিলিং হিমালয়ান রেলওয়ে। আগামী সপ্তাহ থেকেই পরীক্ষামূলকভাবে ঘুম-দার্জিলিং রুটে চালু হতে চলেছে বিশেষ টয়ট্রেন পরিষেবা। পাহাড়ের ঐতিহ্যবাহী এই ট্রেন এবার শুধু পর্যটনের আকর্ষণ নয়, বরং হয়ে উঠতে চলেছে পড়ুয়াদের নিয়মিত যাতায়াতের ভরসা। জানা গেছে, প্রতিদিন ভোর ৬ঃ১৫ মিনিটে ঘুম স্টেশন থেকে দার্জিলিংয়ের উদ্দেশ্যে ট্রেন ছাড়বে। সকালে স্কুলগামী ছাত্রছাত্রীরা যাতে নির্দিষ্ট সময়ে স্কুলে পৌঁছাতে পারে, সেই বিষয়টিকেই বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। বিকেল ৫ঃ৩০ মিনিটে দার্জিলিং থেকে ঘুমের উদ্দেশ্যে ফেরার ট্রেন চালানো হবে। ফলে স্কুল ছুটির পর দীর্ঘক্ষণ ট্যাক্সির জন্য অপেক্ষা কিংবা যানজটে আটকে থাকার সমস্যাও অনেকটাই কমবে বলে মনে করা হচ্ছে। ডিএইচআর সূত্রে খবর, এই পরিষেবার ভাড়া অত্যন্ত সুলভ রাখা হবে যাতে সাধারণ পরিবারের উপর অতিরিক্ত আর্থিক চাপ না পড়ে। পাহাড়ের আঁকাবাঁকা রাস্তা আর পর্যটকদের অতিরিক্ত ভিড়ের মধ্যে নিরাপদ, আরামদায়ক ও সময়নিষ্ঠ পরিবহণ ব্যবস্থা গড়ে তুলতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। বিশেষ করে পর্যটনের মরশুমে অধিকাংশ ট্যাক্সি পর্যটকদের বুকিংয়ে ব্যস্ত থাকায় স্কুলগামী পড়ুয়াদের যাতায়াতে সমস্যা তৈরি হয়। সেই জায়গা থেকেই এই পরিষেবা কার্যকর ভূমিকা নিতে পারে বলে মনে করা হচ্ছে। ডিএইচআর ডিরেক্টর ঋষভ চৌধুরী জানিয়েছেন, জেলা প্রশাসন এবং জিটিএ-র অনুরোধেই এই বিশেষ উদ্যোগ নেওয়া হয়েছে। দীর্ঘ যানজটের কারণে বহু পড়ুয়া সময়মতো স্কুলে পৌঁছাতে পারছিল না। সেই সমস্যার সমাধান করতেই সকাল ও বিকেলের নির্দিষ্ট সময়ে ট্রেন চালানোর পরিকল্পনা করা হয়েছে। খুব শীঘ্রই ভাড়া ও পরিষেবার অন্যান্য আনুষ্ঠানিক ঘোষণা করা হবে বলেও জানিয়েছেন তিনি। পাহাড়বাসীদের একাংশের মতে, দার্জিলিংয়ে বিকল্প পরিবহণ ব্যবস্থার অভাব বহুদিনের সমস্যা। সেই প্রেক্ষাপটে পড়ুয়াদের জন্য বিশেষ টয়ট্রেন পরিষেবা শুধুমাত্র পরিবহণ নয়, এক মানবিক উদ্যোগ হিসেবেও গুরুত্বপূর্ণ। পর্যটনের ব্যস্ত মরশুমে মধ্যেও যাতে পাহাড়ের ছাত্রছাত্রীদের পড়াশোনায় কোনও প্রভাব না পড়ে, সেই ভাবনাকেই সামনে রেখে এই উদ্যোগকে স্বাগত জানাচ্ছেন স্থানীয়রা।

পানাগড় স্টেশনে অতি-আধুনিক সিগন্যালিং ব্যবস্থার আধুনিকীকরণ করল পূর্ব রেল

আসানসোল, ২৯ মে ঃ ট্রেন চলাচল এবং যাত্রী নিরাপত্তা আরও জোরদার করতে এক বড়সড় পদক্ষেপ হিসেবে পানাগড় স্টেশনের সিগন্যালিং ব্যবস্থার সফল আধুনিকীকরণ করল পূর্ব রেল। পূর্ব রেলের জেনারেল ম্যানেজার মিলিন্দ দেউস্করের নেতৃত্ব এবং আসানসোলের ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার সংগ্রহ মৌর্যর নিবিড় পরিচালনায় এই স্টেশনটি একটি উন্নত ইলেকট্রনিক ইন্টারলকিং (উন্নত কম্পিউটারাইজড সিগন্যালিং) ব্যবস্থায় রূপান্তরিত হয়েছে। এই যুগান্তকারী প্রযুক্তিগত আধুনিকীকরণটি সম্প্রতি সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন (ওপেনলাইন) বিভাগের মাধ্যমে সফলভাবে চালু করা হয়েছে। একটি ইলেকট্রনিক ইন্টারলকিং ব্যবস্থা মূলত রেলওয়ে স্টেশনের ডিজিটাল মস্তিষ্ক হিসেবে কাজ করে, যা অত্যন্ত নিরাপদে ট্রেন, রেললাইন এবং সিগন্যালের গতিবিধি নিয়ন্ত্রণ করতে কম্পিউটার মাইক্রোপ্রসেসর ব্যবহার করে। পুরনো যান্ত্রিক ব্যবস্থাগুলোকে প্রতিস্থাপন করে এই নতুন প্রযুক্তি মানুষের ভুলের সম্ভাবনা দূর করে, একই লাইনে দুটি ট্রেনের মুখোমুখি চলে আসার পথ বন্ধ করে এবং ট্রেন চলাচলের গতি নাটকীয়ভাবে বাড়িয়ে দেয়। এই ডিজিটাল ব্যবস্থার পাশাপাশি, দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ লেভেল ক্রসিং গেট (গেট নং ১০২ /এসপিএল/ টি এবং গেট নং ১০৩/ এসপিএল/ টি)-কে পুরনো আমলের ভারী, হাত দিয়ে ঘোরানো মেকানিক্যাল লিফটিং ব্যারিয়ার (যান্ত্রিক প্রতিবন্ধক) থেকে আধুনিক ও স্বয়ংক্রিয় ইলেকট্রিক্যাল লিফটিং ব্যারিয়ারে (বৈদ্যুতিক প্রতিবন্ধক) রূপান্তরিত করা হয়েছে। এছাড়া, ট্রেন ও সড়ক পথ উভয়ের যানজট আরও কমাতে কাছাকাছি থাকা অপর একটি লেভেল ক্রসিং গেট (গেট নং ১০৪ /সি/ টি) চিরতরে সরিয়ে দেওয়া হয়েছে। নিত্যযাত্রী এবং স্থানীয় বাসিন্দাদের জন্য এই আধুনিকীকরণ এক বিরাট স্বস্তি নিয়ে এসেছে। আগে লেভেল ক্রসিং গেটগুলোতে ট্রেন দাঁড়িয়ে থাকার দরুণ প্রায়শই রাস্তায় দীর্ঘ যানজট তৈরি হতো। নতুন সিগন্যালিং ডিজাইনের সুবাদে, রাস্তা পারাপারের গেটগুলো দীর্ঘক্ষণ খোলা রেখেই ট্রেনগুলোকে সরাসরি স্টেশন লেআউটে (স্টেশনের নিজস্ব ট্র্যাকে) নিয়ে আসা সম্ভব হবে। এর ফলে সড়ক পথের যানজট এক ধাক্কায় অনেকটাই কমে যাবে এবং পানাগড় স্টেশন সংলগ্ন এলাকায় সাধারণ মানুষকে আর দীর্ঘক্ষণ যানজটে ফেঁসে থাকতে হবে না। জনসাধারণের স্বস্তির পাশাপাশি, এই প্রকল্প এই অঞ্চলের অর্থনীতি এবং শিল্পক্ষেত্রের পণ্য পরিবহনে বড়সড় গতি আনবে। পানাগড় মূলত সেনা বাহিনীর যাতায়াত এবং ম্যাটিক্স ফার্টিলাইজার্স ও নুভিস্তাস কর্পোরেশন লিমিটেডের মতো বড় বড় ভারী শিল্পকারখানার জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কেন্দ্র। আগে মালবাহী ট্রেনগুলোকে এক ট্র্যাক থেকে অন্য ট্র্যাকে যাওয়ার জন্য জটিল ও দীর্ঘ সময়সাপেক্ষ শান্টিং (ইঞ্জিন অদলবদল) প্রক্রিয়া করতে হতো, যার ফলে ঘণ্টার পর ঘণ্টা সময় নষ্ট হতো। নতুন এই ব্যবস্থায় নমনীয় ‘কমন লুপ’ (উভয়মুখী ট্রেন চলাচলের লাইন) তৈরি করা হয়েছে, যার ফলে ট্রেনগুলো যেকোনো দিকেই অনায়াসে যাতায়াত করতে পারবে। এর ফলে প্রতিবার ট্রেন চলাচলে প্রায় তিন ঘণ্টার মতো সময় বাঁচবে, অতিরিক্ত ব্যস্ত খানা-অন্ডাল শাখার ওপর থেকে ট্রেনের চাপ কমবে এবং কোনো রকম বিলম্ব ছাড়াই সামরিক বিশেষ ট্রেনগুলো দ্রুত পাঠানো সম্ভব হবে। এই প্রযুক্তিগত আধুনিকীকরণের কাজটি তিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ কন্ট্রোল রুমের (নিয়ন্ত্রণ কক্ষ) মাধ্যমে পরিচালিত

হচ্ছে, যেগুলি হলো- সেন্ট্রাল কেবিন, ইস্ট হাট এবং ওয়েস্ট হাট। এই আধুনিকীকৃত নেটওয়ার্কে এখন মোট ১৪৭টি নিরাপদ ট্রেন রুট এবং চালকদের পথ দেখানোর জন্য ৬২ টি হাই -টেক সিগন্যাল রয়েছে-যার মধ্যে মেইন সিগন্যাল, শান্ট সিগন্যাল এবং জরুরি অবস্থার জন্য কলিং-অন সিগন্যাল অন্তর্ভুক্ত। স্বয়ংক্রিয়ভাবে ট্রেনের অবস্থান ট্র্যাক করার জন্য, পুরো টিম ১০৬টি ট্র্যাক সেকশন জুড়ে ফ্রেশার কোম্পানির তৈরি ১৪৩ টি মাল্টি-সেকশন ডিজিটাল এক্সেল কাউন্টার ডিটেকশন পয়েন্ট (স্মার্ট সেন্সর) বসিয়েছে। এই স্মার্ট সেন্সরগুলো নিশ্চিত করে যে একটি ট্রেন লাইন থেকে পুরোপুরি বের হয়ে যাওয়ার পরেই যেন অন্য আরেকটি ট্রেন সেখানে প্রবেশ করতে পারে। উপরন্তু, চলন্ত ট্রেনের লাইন মসৃণভাবে পরিবর্তন করার জন্য ২৪ টি ট্র্যাক পয়েন্ট এখন ৪২টি আধুনিক পয়েন্ট মেশিনের সাহায্যে পরিচালিত হচ্ছে। পুরো ব্যবস্থাটিকে সুরক্ষিত রাখতে তিনটি ইন্টিগ্রেটেড পাওয়ার সাপ্লাই (একত্রিত বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা), বৈদ্যুতিক গোলযোগ এড়াতে তিনটি আর্থ লিকেজ ডিটেক্টর, সমস্ত ডেটা রেকর্ড করার জন্য ডিজিটাল ডেটালগার এবং তিনটি স্বয়ংক্রিয় ফায়ার অ্যালার্ম (অগ্নিনির্বাপক ব্যবস্থা)-এর মতো উন্নত সুরক্ষা ফিচার যুক্ত করা হয়েছে। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, ট্রেনের মুখোমুখি সংঘর্ষ এড়াতে ভারতের নিজস্ব প্রযুক্তিতে তৈরি অটোমেটিক ট্রেন প্রোটেকশন (স্বয়ংক্রিয় ট্রেন সুরক্ষা) সিস্টেম ‘কবচ’-এর সফল পরিবর্তনও এই নতুন কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে সম্পন্ন করা হয়েছে। এই সাফল্যের গুরুত্ব তুলে ধরে পূর্ব রেলের চিফ পাবলিক রিলেশনস অফিসার শিবরাম মাঝি বলেন, পানাগড় স্টেশনে ইলেকট্রনিক ইন্টারলকিং ব্যবস্থার এই সফল সূচনা রেলের নিরাপত্তা এবং আধুনিক পরিকাঠামো গঠনের প্রতি পূর্ব রেলের অঙ্গীকারেরই এক উজ্জ্বল দৃষ্টান্ত। ট্রেন শান্টিংয়ের সময় তিন ঘণ্টা কমিয়ে এনে এবং লেভেল ক্রসিং গেটগুলোকে বৈদ্যুতিক ব্যবস্থায় রূপান্তরিত করে আমরা কেবল শিল্প ও সামরিক ক্ষেত্রের পরিবহন ক্ষমতাই বাড়াচ্ছি না, বরং স্থানীয় সড়ক পথের নিত্যযাত্রীদের দৈনন্দিন জীবনযাত্রারও সরাসরি উন্নতি ঘটাচ্ছি। আমাদের নিষ্ঠাবান সিগন্যাল অ্যান্ড টেলিকমিউনিকেশন টিমের হাত ধরে অত্যন্ত সুচারুভাবে সম্পন্ন হওয়া এই মেগা-কাজটি ভারতীয় রেলকে আরও নিরাপদ, দ্রুত এবং অনেক বেশি দক্ষ করে তোলার পথে আরও একটি মাইলফলক।

বিশ্বদরবারে নতুন মর্যাদা পেল ঐতিহ্যবাহী সুগন্ধী চাল

নিজস্ব প্রতিনিধি, বর্ধমান, ২৯ মে ঃ বিশ্বদরবারে বাংলার ঐতিহ্যবাহী গোবিন্দভোগ চালের মর্যাদা আরও একধাপ উঁচুতে পৌঁছে দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির হাতে উপহার হিসেবে বাংলার সুগন্ধী গোবিন্দভোগ চাল তুলে দেওয়াকে ঘিরে আন্তর্জাতিক কূটনীতি ও বাণিজ্য মহলে শুরু হয়েছে নতুন চর্চা। বিশেষজ্ঞদের মতে, এই পদক্ষেপ একদিকে যেমন গোবিন্দভোগ চালের আন্তর্জাতিক বাজার সম্প্রসারণের ইঙ্গিত দিচ্ছে, তেমনই বাংলার কৃষি ও সংস্কৃতির ঐতিহ্যকেও বিশ্বমঞ্চে তুলে ধরছে। পাঁচ দিনের বিদেশ সফরে একাধিক দেশের রাষ্ট্রনেতার সঙ্গে বৈঠক করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ইতালির সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক ও কৌশলগত অংশীদারিত্ব নিয়ে বৈঠকের আগে প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির হাতে বাংলার গোবিন্দভোগ চাল, কেরলের লাল চাল-সহ একাধিক ভারতীয় ঐতিহ্যবাহী সামগ্রী তুলে দেন বলে সূত্রের খবর। এই ঘটনাকে ঘিরে বাংলার কৃষি ও রপ্তানি মহলেও ইতিবাচক প্রতিক্রিয়া দেখা দিয়েছে। বেঙ্গল রাইসমিল অ্যাসোসিয়েশনের সভাপতি আব্দুল মালেক বলেন, এটা আমাদের কাছে অত্যন্ত গর্বের বিষয়। প্রধানমন্ত্রীর এই উদ্যোগ গোবিন্দভোগের আন্তর্জাতিক বাজার সম্প্রসারণে সহায়ক হবে বলেই আমরা মনে করছি। কৃষিদপ্তর সূত্রে জানা গিয়েছে, পশ্চিমবঙ্গে প্রায় ৩৫ থেকে ৩৮ হাজার হেক্টর জমিতে গোবিন্দভোগ ধানের চাষ হয়। তার মধ্যে শুধু পূর্ব বর্ধমান জেলাতেই রয়েছে প্রায় ২২ থেকে ২৪ হাজার হেক্টর জমি। রায়না, খণ্ডঘোষ-সহ জেলার বিভিন্ন এলাকায় দীর্ঘদিন ধরে এই সুগন্ধী ধানের চাষ হয়ে আসছে। এছাড়া বাঁকুড়া, হুগলি, নদীয়া, বীরভূম ও মুর্শিদাবাদ জেলাতেও গোবিন্দভোগের চাষ হয়। বিশেষ তাৎপর্যের বিষয় হল, গোবিন্দভোগ ইতিমধ্যেই জিআই স্বীকৃতি পেয়েছে। কেরল ছাড়াও মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে এই চালের উল্লেখযোগ্য বাজার রয়েছে। যদিও একসময় রপ্তানিতে নিষেধাজ্ঞার কারণে সুগন্ধী ধানের দাম কমে গিয়েছিল, পরে সেই নিষেধাজ্ঞা উঠে যাওয়ায় বাজারে ফের চাহিদা ও দাম বৃদ্ধি পায়। গলসির বিধায়ক রাজু পাত্র বলেন, গোবিন্দভোগকে আন্তর্জাতিক স্তরে তুলে ধরার ফলে বাংলার কৃষি আবারও নতুন সম্ভাবনার মুখ দেখবে। এতে চাষিরা উৎসাহিত হবেন। রায়নার কৃষক শম্ভু দাসের কথায়, স্থানীয় বাজারে খুব বেশি গোবিন্দভোগ বিক্রি হয় না। বাইরে এর চাহিদা বেশি। তবে অনেক সময় ফড়েদের দাপটে চাষিরা ন্যায্য দাম পান না। আন্তর্জাতিক বাজারে চাহিদা বাড়লে চাষিরা আরও লাভবান হতে পারেন। কূটনৈতিক উপহার হিসেবে গোবিন্দভোগ চালের ব্যবহারকে অনেকেই ‘সফট ডিপ্লোমেসি’র অংশ হিসেবে দেখছেন। বাংলার এই ঐতিহ্যবাহী সুগন্ধী চাল এখন শুধু রাজ্যের গর্ব নয়, আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রেও ভারতীয় সংস্কৃতি ও কৃষি ঐতিহ্যের গুরুত্বপূর্ণ প্রতিনিধি হয়ে উঠছে।

জাল এক্সিট সিলমোহর নিয়ে নেপাল সীমান্ত পারের চেষ্টা, খড়িবাড়িতে গ্রেফতার ২ থাই মহিলা

নিজস্ব প্রতিনিধি, খড়িবাড়ি, ২৯ মে ঃ সীমান্ত পারাপার করতে এবার জাল সিলমোহর ব্যবহার! এতেই গ্রেফতার হলেন থাইল্যান্ডের ২ মহিলা। খড়িবাড়ির ইন্দো-নেপাল সীমান্তের পানিট্যাঙ্কিতে ভারত থেকে নেপালে যাওয়ার সময় গ্রেফতার দুই থাইল্যান্ডের মহিলা। জানা গেছে চার চাকার গাড়িতে করে সীমান্ত পারাপারের আগে নথিপত্র যাচাই করে এসএসবি। এতেই ২ মহিলার সিলমোহর দেখে সন্দেহ তৈরি হলে তদন্তকারীদের। পরবর্তীকালে, অভিবাসন দফতরে খোঁজখবর করে এসএসবি। এরপরেই জাল সিলমোহরের প্রমাণ পেয়েই গ্রেফতার করা হয় দুই থাইল্যান্ডের মহিলাকে। অন্যদিকে, এই থাই মহিলাকে সহায়তা করার জন্য এক চক্র কাজ করেছে বলে এসএসবি সূত্রে খবর। ইতিমধ্যে খড়িবাড়ি চক্রের বেশ কয়েকজনের হদিশ পেয়েছে তদন্তকারীরা। যাদের মধ্যে একজন চারচাকার চালক রয়েছেন। সীমান্তে বিদেশি নাগরিকদের পারাপার করতেই এই চক্র মোটা অঙ্কের টাকা নিয়ে এই কাজ করতে বলে এসএসবি। সূত্রে খবর যদিও গোটা ঘটনায় দুই থাইল্যান্ডের মহিলাকে খড়িবাড়ি পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে। অন্যদিকে এই চক্রে বাকিদের গ্রেফতার করতে তদন্তে নেমেছে খড়িবাড়ি থানার পুলিশ। ভারত থেকে বাইরের কোনও দেশের মানুষ সীমান্ত পারাপার করতে অভিবাসন দফতর তার ভিসায় এক্সিট সিলোমোহর প্রদান করে। এই সিলমোহরই জাল করেছে ধৃতরা। সম্প্রতি, রাজ্যে নতুন সরকার ক্ষমতায় আসায় পর অনুপ্রবেশকারীদের ডিটেক্ট ডিলিট ও ডিপোর্ট নীতির মাধ্যমে জেলায় জেলায় হোল্ডিং সেন্টার করেছে। এরই মাঝে সীমান্তে এই চক্র ভাবাচ্ছে গোয়েন্দাদের। এই চক্রের মাধ্যমে আগেও কেউ অনুপ্রবেশ বা পারাপার হয়েছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে বলে খবর। ধৃতরা হল পিমচানোকা কেটলা ও চিনতারা বুদ্ধাফং। ধৃতদের এদিন শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হবে। ধৃতদের কাছে ভারতীয় ভিসা থাকার পরেও কেন সিলমোহর জাল করতে হল প্রশ্ন তুলেছেন তদন্তকারীরাও!

মাঠ থেকে উদ্ধার যুবকের ঝুলন্ত দেহ

মিঠুন হালদার, মুর্শিদাবাদ, ২৯ মে ঃ মুর্শিদাবাদের হরিহরপাড়ায় ঈদের আনন্দের আবহেই নেমে এলো চরম বিষাদের ছায়া। শ্বশুরবাড়িতে ঈদ উদযাপন করতে এসে মাঠের মধ্যে গাছ থেকে ঝুলন্ত অবস্থায় উদ্ধার হলো এক যুবকের মৃতদেহ। শুক্রবার সকালে চাঞ্চল্যকর এই ঘটনাটি ঘটেছে হরিহরপাড়া থানার অন্তর্গত খামারমাটি এলাকায়। পুলিশ সূত্রে জানা গেছে, মৃত যুবকের নাম আনোয়ার শেখ। বৃহস্পতিবার স্ত্রীকে সাথে নিয়ে হরিহরপাড়ার খামারমাটি এলাকায় শ্বশুরবাড়িতে ঈদ কাটাতে এসেছিলেন আনোয়ার। উৎসবের আমেজে সারাদিন সবার সাথে হাসি-আনন্দেই মেতে ছিলেন তিনি। পরিবার বা প্রতিবেশীদের কেউই ভাবেননি কয়েক ঘণ্টার মধ্যে পরিস্থিতি এতটা বদলে যাবে। শুক্রবার সাতসকালে গ্রামের মাঠের মধ্যে একটি বড় গাছের ডালে আনোয়ারের দেহ ঝুলতে দেখে আঁতকে ওঠেন স্থানীয় বাসিন্দারা। মুহূর্তের মধ্যে এই খবর ছড়িয়ে পড়লে গোটা এলাকায় তীব্র চাঞ্চল্য ও শোকের পরিবেশ তৈরি হয়। স্থানীয় বাসিন্দা মহম্মদ আজহারউদ্দিন বলেন, আনোয়ার আমাদের গ্রামের জামাই। গতকালই ও স্ত্রীকে নিয়ে এখানে ঈদ করতে এসেছিল। সারাদিন আমরা সবাই একসাথে খুব আনন্দের সাথে দিনটি কাটিয়েছি। কিন্তু আজ সকালে হঠাৎই মাঠের মধ্যে ওর ঝুলন্ত দেহ দেখতে পাই। এই মর্মান্তিক দৃশ্য দেখার পর হরিহরপাড়া থানায় খবর দিই। পুলিশ এসে মৃতদেহটি উদ্ধার করে নিয়ে গেছে। এদিকে আনোয়ারের এই আকস্মিক মৃত্যু নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছে। রাহুল নামে অন্য এক গ্রামবাসী জানান, সম্ভবত কোনও কারণে মানসিক অবসাদে ভুগছিল আনোয়ার, আর সেই কারণেই হয়তো গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী হয়েছে সে। তবে ওর শ্বশুরবাড়িতে বা নিজেদের মধ্যে কোনও অশান্তির খবর আমরা পাইনি। ইতিমধ্যেই পুলিশ মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মুর্শিদাবাদ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠিয়েছে। তদন্ত শুরু করেছে পুলিশ। প্রকৃত সত্য উদঘাটনে আনোয়ারের স্ত্রী, শ্বশুরবাড়ির সদস্য এবং পাড়া-প্রতিবেশীদের সাথে কথা বলে জিজ্ঞাসাবাদ চালানো হচ্ছে। ময়নাতদন্তের রিপোর্ট এলেই মৃত্যুর আসল কারণ স্পষ্ট হবে বলে জানিয়েছে পুলিশ প্রশাসন।

বিজ্ঞপ্তি

প্রশান্ত দাস মহাশয় দীং ইংরাজীর ১৩.১২.২০২৪ তারিখে সুকুমার দাস মহাশয়কে ০৬৯৬৯ /২৪ নং দলিল রেজিষ্ট্রী করিয়াছেন, হাওড়ার ডিং সাব রেজিষ্ট্রী অফিসে ১, এই দলিল বলে রমেশ মন্ডল মহাশয়কে ৪৭৩১ /২৫ নং পাওয়ার রেজিষ্ট্রী করিয়াছেন, উনি পাওয়ার বলে পার্বতী মন্ডল দীং মহাশয়কে এ্যাডিঃ ডিং সাব রেজিষ্ট্রী অফিসে, ৯৯১৬ /২০২৫ নং দলিল রেজিষ্ট্রী করিয়াছেন, এখন নাম খারিজ করার জন্য আবেদন করিয়াছেন, যদি এই নাম খারিজ ব্যাপারে কারো কোনো আপত্তি থাকে তাহলে বালী জগাছা ভূমি দপ্তর অফিসে যোগাযোগ করিবেন। মৌজা- জগদীশপুর, হাল দাগ- ৩০৪২।

রঙ্গিয়া মণ্ডলে বৈদ্যুতিক কাজ

টেণ্ডার নোটিস নং. আরএনওয়াই-ইএল-টি-০৮-২০২৫-২৬-আরটি তারিখঃ ২৬-০৫-২০২৬। ভারতের রাষ্ট্রপতির পক্ষে এবং তরফ থেকে নিম্নলিখিত কাজগুলির জন্য “ই-টেন্ডারিং” পদ্ধতির মাধ্যমে কাজের টেণ্ডার আহ্বান করা হয়েছে:- **কাজের নামঃ** নাহরলগুণের রাণিং কক্ষের সংবর্ধনের সঙ্গে সম্পর্কিত বৈদ্যুতিক কাজ। **টেণ্ডার রাশিঃ** ৭,৬৫,৩২০.০২/-টাকা। **বায়না রাশিঃ** ১৫,৩০০/- টাকা। **ই-টেণ্ডার বন্ধ হওয়ার তারিখ এবং সময়ঃ ১৯-০৬-২০২৬** তারিখের ১৫.০০ ঘন্টায়। উপরোক্ত ই-টেণ্ডারের সম্পূর্ণ সবিশেষ সহিত টেণ্ডার প্র-পত্র **www.ireps.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ থাকবে।

জ্যেষ্ঠ ডিইই/রঙ্গিয়া
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
“প্রসন্নচিত্তে গ্রাহক পরিষেবায়”

Government of West Bengal
ABRIDGED NOTICE INVITING TENDER SNIT No.:- WBIW/EE/MED/SNIT-01/2026-27 [Sl. No.- 1 to 2]

Short Tenders notice are hereby invited by the Executive Engineer, Malda Irrigation Division from the eligible & resourceful Contractors having requisite similar nature credential for execution of 2 (Two) Nos. work. Last date & time of application for Tender Form on 02.06.2026 upto 12.00 Hours. Details may be seen at the website: **www.wbiwd.gov.in**

Sd/-
Executive Engineer Malda Irrigation Division
Green Park, Malda

OFFICE OF THE PRODHAN
MASHAT GRAM PANCHAYAT
(UNDER CHANDITALA-1 BLOCK & PANCHAYAT SAMITI)
Vill+PO:-Mashat, Dist: Hooghly, Pin-712701
E-mail ID: mashatgp@gmail.com
Memo No:- 286/MGP/15 th FC/2026, Dated:-29/05/2026
E-QUOTATIONS/E-TENDERS NOTICE

Notice is hereby invited by the Prodhan, Mashat Gram Panchayat for the work of Cover Slab drain. Document download & sale starting(Online) 30.05.2026 at 9 AM. Last date of submission of Bid proposal(online) 13.06.2026 at 02.00 PM. Bid opening date(Technical): 15.06.2026 at 1.00 PM. For details please visit website https://wbtenders.gov.in or office of the undersigned.

Sd/- Prodhan
Mashat Gram Panchayat

TYROON TEA COMPANY LIMITED

CIN :L15421WB1890PLC000612
Registered Office: 3, NETAJI SUBHAS ROAD , KOLKATA - 700 001
Phone No. (033) 22483236
Email: info@tyroontea.com , Website : www.tyroontea.com

STATEMENT OF STANDALONE AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2026

(Rs. In Lakhs)

Sl. No	Particulars	Quarter ended 31.03.26	Quarter ended 31.03.25	Year ended 31.03.26	Year ended 31.03.25
		Audited	Audited	Audited	Audited
1	Income from Operations (Net)	249.45	407.00	3,723.06	4,357.66
2	Profit / (Loss) before tax and exceptional Items	(616.21)	(640.47)	(276.16)	372.28
3	Exceptional Income /(Expenses)	-	-	7.00	-
4	Profit / (Loss) before tax and after exceptional Items	(616.21)	(640.47)	(269.16)	372.28
5	Net Profit / (Loss) after Tax	(581.93)	(677.15)	(234.88)	330.79
6	Total Comprehensive Income/ (Expenses) for the period [Comprising Profit /(Loss) and other Comprehensive Income/ (expenses) for the period]	(536.06)	(702.15)	(177.35)	349.04
7	Paid up Equity Share Capital (Face Value Rs.10/-each)	351.20	351.20	351.20	351.20
8	Reserve Excluding Revaluation Reserve	-	-	3,592.80	3,770.15
9	Earning per Equity Share - EPS (of Rs. 10/- Each) Basic and Diluted (Rs.)	(17.10)	(19.90)	(6.90)	9.72

Note:
1 The above financial results have been reviewed by the Audit Committee and have been approved by the Board of Directors at their respective meeting held on 29th May, 2026. The above financial results have been audited by the Statutory Auditor of the Company and have issued an unmodified audit opinion on the same.
2 The above is an extract of the detailed format of Quarter and Year ended 31st March, 2026. Financial Results as per Ind AS filed with the stock exchanges under Regulation 33 of the SEBI (Listing and other Disclosure Requirement) Regulation 2015. The full format of the Quartely and Year ended Financial Results is available on the stock exchanges website www.bseindia.com and on the Company's Website www.tyroontea.com

For and on behalf of the Board of Director
Tyroon Tea Company Limited
(Anuradha Jalan)
Chairman
DIN : 09059592

Place : Kolkata
Date : 29th Day of May, 2026

পূর্ব রেলওয়ে

টেন্ডার নোটিস নং ইএলডি-১২৫-ডব্লুসি-ওটি-১৫-২৬, তারিখ ২৬.০৫.২০২৬। সিনিয়র ডিভিসনাল ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ার (টিআরডি), পূর্ব রেলওয়ে, হাওড়া, নিউ ডিআরএম বিল্ডিং, রেল মিউজিয়ামের নিকটে, হাওড়া-৭১১১০১ কর্তৃক টেন্ডার নং ইএলডি-১২৫-ডব্লুসি-ওটি-১৫-২৬-এর পরিপ্রেক্ষিতে নিম্নলিখিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে ঃ **স্থান সহ কাজের নাম ঃ** পূর্ব রেলওয়ের হাওড়া ডিভিসনে ভিএসএস-এর অধীনে সকল স্টেশনে নজরদারির জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে অতিরিক্ত ট্রান্সফরমার সম্প্রসারণের পরিপ্রেক্ষিতে ২৫ কেভি ওএইচই-র কাজ। **কাজের আনুমানিক মূল্য ঃ** ১,৪৯,৬৪,৮৬৯.০১ টাকা। **প্রদেয় বায়না অর্থ/দরপ্রস্তাব জামিন ঃ** ২,৯৯,৩০০ টাকা। **টেন্ডার ফর্মের মূল্য ঃ** শূন্য। **কাজ সম্পূর্ণ করার মেয়াদ ঃ** স্বীকৃতিপত্র পাওয়ার তারিখ থেকে ১২ (বারো) মাস। **টেন্ডার বন্ধের তারিখ ও সময়ঃ** ৩০.০৬.২০২৬ তারিখ বিকেল ৩টে। **টেন্ডার খোলা হবে ঃ** টেন্ডার বন্ধের পরে যেকোনো সময়ে টেন্ডার খোলা হবে। টেন্ডারদাতাগণ টেন্ডারের সম্পূর্ণ বিশদ/বিবরণ/নির্দিষ্টকরণ-এর জন্য এবং অনলাইনে তাঁদের দরপ্রস্তাব দাখিল করতে **www.ireps.gov.in** ওয়েবসাইট দেখতে পারেন। হাতেহাতে দাখিল করা দরপ্রস্তাব এই টেন্ডারের ক্ষেত্রে অনুমোদিত নয় এবং এরূপ হাতেহাতে দাখিল করা দরপ্রস্তাব গৃহীত হলেও গ্রাহ্য হবে না এবং সরাসরি বাতিল বলে গণ্য হবে।

HWH-107/2026-27

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway
@easternrailwayheadquarter

পূর্ব রেলওয়ে

টেন্ডার নং ঃ এসডিএসটিই-পাওয়ারকেবেল-আইপিএস-২৬, তারিখ ২৭.০৫.২০২৬। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, নিউ ডিআরএম বিল্ডিং, রেলওয়ে মিউজিয়ামের নিকটে, হাওড়া-৭১১১০১ কর্তৃক নিম্নলিখিত কাজের জন্য টেন্ডার নং ঃ এসডিএসটিই-পাওয়ারকেবেল-আইপিএস-২৬-এর প্রেক্ষিতে ওপেন ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। দরপ্রস্তাবদাতাগণ কেবলমাত্র বন্ধের তারিখ ও সময় পর্যন্ত তাঁদের প্রকৃত/সংশোধিত প্রস্তাব দাখিল করতে পারবেন। এই টেন্ডারের প্রেক্ষিতে হাতেহাতে দরপ্রস্তাব দাখিল অনুমোদিত নয় এবং এইরূপ হাতেহাতে দাখিল করা প্রস্তাব গৃহীত হলেও গ্রাহ্য হবে না। **কাজের নাম ঃ** হাওড়া ডিভিসনে ১৬ বর্গ মিমি তামার তার রিং অ্যারেঞ্জমেন্ট-এ ব্যবহার করে অটো চেঞ্জওভার প্যানেল থেকে আইপিএস এবং আইপিএস থেকে রিলেরুম পর্যন্ত স্ট্যান্ড বাই পাওয়ার কেবেল-এর ব্যবস্থা করার কাজ। **দরপ্রস্তাব প্রদান পদ্ধতি ঃ** সিঙ্গল প্যাকেট। **বিজ্ঞাপিত মূল্য ঃ** ৫,৭৪,৫০,২৪২ টাকা। **বায়না অর্থ/দরপ্রস্তাব জামিন ঃ** ১১,৪৯,০০০ টাকা। **টেন্ডার নথির মূল্য ঃ** ০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ৯ মাস। **প্রস্তাবের বৈধতা ঃ** ৬০ দিন। **টেন্ডার দরপ্রস্তাব প্রদান শুরু ঃ** ০৫.০৬.২০২৬। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ১৯.০৬.২০২৬ তারিখ বিকেল ৩টে। বিশদ **www.ireps.gov.in** ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

HWH-109/2026-27

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway
@easternrailwayheadquarter

কাটিহার ডিভিশনের বিভিন্ন রেলওয়ে স্টেশনে পার্কিং স্ট্যান্ডের চুক্তি প্রদান

কাটিহার ডিভিশনের বিভিন্ন রেলওয়ে স্টেশনে পার্কিং স্ট্যান্ডের চুক্তির জন্য ই-নিলাম আহ্বান করা হচ্ছে। **ক্যাটালগ নম্বর: বিওআরএ-পার্কিং। রেট ইউনিট:** বার্ষিক লাইসেন্সিং ফি। **নিলাম শুরুর তারিখ ও সময় (সকল লট):** ১২-০৬-২০২৬ তারিখে ১০:০০ টায়। **দিন ঃ** ১০৯৬।

ক্রম নং	লট নং/ক্যাটাগরি
এএ/১	পার্কিং-কেআইআর-কেএনই-এমএক্স-১০৫-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/২	পার্কিং-কেআইআর-বিওআরএ-এমএক্স-১৪০-২৫-২ (পার্কিং-মিক্সড)
এএ/৩	পার্কিং-কেআইআর-কেআইআর-এমএক্স-১৫৭-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/৪	পার্কিং-কেআইআর-টিকেজি-এমএক্স-১৩৮-২৪-১ (পার্কিং-মিক্সড)
এএ/৫	পার্কিং-কেআইআর-পিআরএনএ-এমএক্স-১৪৩-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/৬	পার্কিং-কেআইআর-এইউবি-এমএক্স-৯৬-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/৭	পার্কিং-কেআইআর-এআরআর-এমএক্স-১১১-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/৮	পার্কিং-কেআইআর-এসজিইউজে-এমএক্স-১৬৭-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/৯	পার্কিং-কেআইআর-বিএনডিপি-এমএক্স-১৬২-২৫-১ (পার্কিং-মিক্সড)
এএ/১০	পার্কিং-কেআইআর-কেআইআর-এমএক্স-১৭৩-২৬-১ (পার্কিং-মিক্সড)
এএ/১১	পার্কিং-কেআইআর-এমএলএফসি-এমএক্স-১৪১-২৫-৩ (পার্কিং-মিক্সড)
এএ/১২	পার্কিং-কেআইআর-এফবিজি-এমএক্স-১৩৯-২৫-৩ (পার্কিং-মিক্সড)
এবি/১	পার্কিং-কেআইআর-কেআইআর-পিসিসিভি-১৫৫-২৫-১ (পার্কিং - যাত্রীবাহী বাণিজ্যিক যানবাহন)
এবি/২	পার্কিং-কেআইআর-এমএলএফসি-পিসিসিভি-১৫১-২৫-১ (পার্কিং - যাত্রীবাহী বাণিজ্যিক যানবাহন)
এবি/৩	পার্কিং-কেআইআর-এফবিজি-পিসিসিভি-১৫৬-২৫-১ (পার্কিং - যাত্রীবাহী বাণিজ্যিক যানবাহন)
এবি/৪	পার্কিং-কেআইআর-এনজেপি-পিসিসিভি-১৪৪-২৫-১ (পার্কিং - যাত্রীবাহী বাণিজ্যিক যানবাহন)

ই-নিলাম বন্ধের তারিখ ও সময় ঃ ১২-০৬-২০২৬ তারিখে **১৩:০০** টায়। প্রাথমিক কুলিং অফ পিরিয়ড ৩০ মিনিট। পরপর লট বন্ধের ব্যবধান ১০ মিনিট। **বিঃদ্রঃ** সম্ভাব্য বিডারদের আরও বিস্তারিত তথ্যের জন্য আইআরইপিএস ওয়েবসাইট **www.ireps.gov.in** -এ ই-নিলাম লিজিং মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।

সিনিয়র ডিসিএম, কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER
PARA DEVELOPMENT BLOCK
PARA :: PURULIA
TENDER NOTICE

Block Development Officer, Para Development Block, District-Purulia invites Tender for the following items on:-
- NIT No.:- 01/BDO/PARA of 2026-27 (Sl.No.-01 to 02)
- No. of Work:- 02 (Two) nos.
- Last Date of Application:- 05.06.2026 up to 16.00 hours.
- Date of issue of Tender paper:- 08.06.2026 at 11.00 hours. To 16.00 hours.
- Last date of dropping of Tender papers 10.06.2026 up to 14:00 hours in the Tender Box kept for the purpose at the office of the undersigned.
- Date of Opening of Tender 10.06.2022 after 14:00 hours.

For more details go to website: www.parablock.org and www.puruliazp.nic.in and also may contact to Para Block Development Office on working days at office hours.

Sd/- Block Development Officer
Para Development Block
Para::Purulia

West Bengal Forest Development Corporation Limited
(WBFDCL), KB-19, Sector-III, Salt Lake, Kolkata - 700106

ABRIDGED TENDER NOTICE

The undersigned publishes NITs on behalf of EOM, GPW, WBFDCL & DCF, URF Division as follows:

NIT No.	Name of Project	Bid Submission Start Date	Last Date of Bid Submission
59/GPW/WBFDC/ 2025-26 (4th call)	Creation with 3 Years Maintenance of Miyawaki Plantation over 08 Ha. at Eden Garden, Kolkata.	30.05.2026	13.06.2026
06/GPW/WBFDC/ 2026-27	1st to 5th Year Maintenance of Mangrove Plantation over 50 Ha. at Block Sutahata-1, Mouza-Belliarychar, J.L. No.-222, Purba Medinipur District.		
07/GPW/WBFDC/ 2026-27	Supply of various plants in different VVIP location in and around Kolkata.	30.05.2026	06.06.2026

Details of NITs can be seen at **www.wbtenders.gov.in** and **www.wbfdc.com**

Sd/-
DM, KFCD, WBFDCL

অনলাইন কমন এন্ট্রান্স এক্সামিনেশন (সিইই) নিয়োগ বর্ষ ২০২৬-২৭

অগ্নিপথ স্কিম এবং রেগুলার ক্যাডার এন্ট্রির অধীনে ২০২৬-২৭ নিয়োগ বর্ষের জন্য ভারতীয় সেনাবাহিনীর অনলাইন সিইই (সিইই) পরীক্ষা **১ জুন ২০২৬ থেকে ১২ জুন ২০২৬ পর্যন্ত কলকাতা, হাওড়া এবং পশ্চিম মেদিনীপুরের** নির্ধারিত পরীক্ষা কেন্দ্রগুলিতে অনুষ্ঠিত হবে।

সকল নিবন্ধিত প্রার্থীদের পরীক্ষা কেন্দ্র, তারিখ এবং রিপোর্টিং সময় জানার জন্য তাদের প্রবেশপত্র ভাল করিয়া দেখে নেওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে। **প্রার্থীদের অবশ্যই প্রবেশপত্রের একটি প্রিন্ট করা কপি এবং একটি বৈধ ফটো আইডি প্রুফ পরীক্ষা কেন্দ্রে নিয়ে যেতে হবে।**

প্রার্থীদের নির্ধারিত সময়ের অনেক আগেই রিপোর্ট করতে হবে **এবং প্রবেশপত্রে উল্লিখিত সমস্ত নির্দেশাবলী কঠোরভাবে অনুসরণ করতে হবে।** অসদুপায় অবলম্বন বা অসদুপায় অবলম্বনের ফলে অযোগ্যতা এবং নিয়ম অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রার্থীদের নিয়োগে সহায়তার প্রতিশ্রুতি দেওয়া দালাল এবং প্রতারক সংস্থাগুলি থেকে সতর্ক থাকার পরামর্শ দেওয়া হচ্ছে।

জারিকৃত ঃ **নিয়োগ অফিস (সদর দপ্তর), কলকাতা**

Office of the Kapasharia Gram Panchayat

Notice Inviting E-Tender

Online Tenders are invited from experienced and resourceful bidders for the following works: NIT No. 491/E-NIT/KGP/2026-27, Sl. No. 1 to 4. Last date of uploading of asking documents as per NIT (online) on or before **02/06/2026 up to 10 AM.** Date of Opening of Tender (online)for Technical on **04/06/2026 at 11 A.M. & Financial at 1 P.M**. For details please visit **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Kapasharia Gram Panchayat

OFFICE OF THE FRESERGANJ GRAM PANCHAYAT

FRESERGANJ, P.O.- FRESERGANJ, P.S. –FRESERGANJ COASTAL, DISTRICT - SOUTH 24 PARGANAS E-mail: pradhanfreserganj@gmail.com
NOTICE INVITING TENDER ; Tender Reference Number : NIeT No-01/(26-27), Date-27/05/2026.

Online Tender is invited from the experienced and resourceful bidders for execution of the 7 (Seven) nos works. Date & Time of submission: **29.05.2026 at 01.00 PM to 10.06.2026 at 11.00 AM**.; Date & Time of technical bid opening: **12.06.2026 at 11.00 AM**. For details please visit Website https://wbtenders.gov.in

Sd/- Pradhan
Freserganj Gram Panchayat

তেজনারায়ণপুর রেলওয়ে স্টেশনে পার্কিং স্ট্যান্ডের চুক্তি প্রদান

কাটিহার ডিভিশনের তেজনারায়ণপুর রেলওয়ে স্টেশনে পার্কিং স্ট্যান্ডের চুক্তির জন্য ই-নিলাম আহ্বান করা হয়েছে। **ক্যাটালগ নম্বর: টিএনপিআর-পার্কিং। বিবরণ:** দুই চাকা, তিন চাকা ও চার চাকার যানবাহনের জন্য পার্কিং লট। **রেট ইউনিট:** বার্ষিক লাইসেন্সিং ফি। **নিলাম শুরুর তারিখ ও সময় (সকল লট):** ১৫-০৬-২০২৬ তারিখ ১০:০০ টায়।

ক্রম নং	লট নং/ক্যাটাগরি	দিন
এএ/১	পার্কিং-কেআইআর-টিএনপিআর-এমএক্স-১৭৫-২৬-১ (পার্কিং-মিক্সড)	১০৯৬

ই-নিলাম বন্ধের তারিখ ও সময় ঃ ১৫-০৬-২০২৬ তারিখে ১০:৩০ টায়। প্রাথমিক কুলিং অফ পিরিয়ড ৩০ মিনিট। পরপর লট বন্ধের ব্যবধান ১০ মিনিট। **বিঃদ্রঃ** সম্ভাব্য বিডারদের আরও বিস্তারিত তথ্যের জন্য আইআরইপিএস ওয়েবসাইট **www.ireps.gov.in** -এ ই-নিলাম লিজিং মডিউল দেখতে অনুরোধ করা হচ্ছে।

সিনিয়র ডিসিএম, কাটিহার
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The **Dy. Ch. Engr. / (SWM-II), KMC** invites e-tender online percentage rate two bid system for following work :
NIT No. : KMC/SWM-II/E/26-27/02
Name of work : **Supply and fixing of 120 W outdoor LED fittings for different compactor station within Br.- 1 to Br.-VII area under SWM Dept., KMC**; Estimated Amount : ₹ **4,98,897.58**; Earnest Money : ₹ **10,000.00**; Period of completion : **30 days**; Last date and time of submission of bid : **09.06.2026 - 5 pm**; The bid forms and other details are available on and from **30.05.2026 (5 pm)** from the website **https://etender.wb.nic.in**

The **Dy. CE(M), (Sewerage & Drainage), KMC** invites e-tender online item rate two bid system for the following works :
(1) NIT No. : KMC/S_D/UUPS/MN/26-27 (1st Call)
Name of work : **Regular maintenance of pumps, motors, electro mechanical accessories with other allied works at Ultadanga Underpass Pumping Station under DLPS**; Estimated Amount : **Open quotation**; Earnest Money : **2% of quoted amount**.
(2) NIT No. : KMC/S_D/NEW/MN/26-27 (1st Call)
Name of work : **Regular cleaning of pumps, strainers and incoming channel with other allied works at New Cut Canal Pumping Stations under DLPS**; Estimated Amount : **Open quotation**; Earnest Money : **2% of quoted amount**; Period of completion : **6 Months (For Sl. No. 1 & 2)**; Last date and time of submission of bid : **10.06.2026 - 5 pm (For Sl. No. 1 & 2)**; The bid forms and other details are available on and from **02.06.2026 (5 pm) (For Sl. No. 1 & 2)**; The website **https://etender.wb.nic.in (For Sl. No. 1 & 2)**; For corrigendum etc. if any, the same website has to be seen **(For Sl. No. 1 & 2)**;

The **Executive Engineer (L & E)/Z-II, KMC** invites e-tender online percentage rate two bid systems for following work :
NIT No. : LTG/Z2/INST/66/25-26
Name of work : **Installation of glow sign boards and out door lights along with allied Electrical Works at UPHC 52 and UPHC 54, under Br.-VI, KMC**; Estimated Amount : ₹ **3,96,741.96**; Earnest Money : ₹ **8,000.00**; Period of completion : **10 days**; Bid submission starting date and time : **03.06.2026 from 11 am**; Last date and time of submission of bid : **11.06.2026 upto 11 am**; Bid opening date for technical proposal : **11.06.2026 at 2 pm**; The bid forms and other details are available on and from **03.06.2026 after 11 am** from the website **https://wbtenders.gov.in** 58/26-27

আমেরিকার ভিসা এখনও মেলেনি, এর মাঝেই নতুন দাবি ইরানের

সংবাদ সংস্থা, তেহরান, ২৯ মেঃ ২০২৬ সালের ফুটবল বিশ্বকাপের আগে নতুন সমস্যায় পড়েছে ইরান। বিশ্বকাপ খেলতে গিয়ে দলকে বারবার আমেরিকায় যাতায়াত করতে হতে পারে। সেই কারণে খেলোয়াড় ও সাপোর্ট স্টাফদের জন্য বিশেষ ধরনের ভিসা চেয়েছে ইরানের ফুটবল সংস্থা। এর মধ্যেই ফিফা ইরানকে বিশ্বকাপের জন্য দলের বেস ক্যাম্প আমেরিকা থেকে সরিয়ে মেক্সিকোয় নিয়ে যাওয়ার অনুমতিও দিয়েছে। ইরান ফুটবল সংস্থার সভাপতি মেহদি তাজ জানিয়েছেন, বিশ্বকাপের সময় দলকে কয়েক বার আমেরিকায় যাতায়াত করতে হতে পারে। তাই খেলোয়াড় ও সাপোর্ট স্টাফদের জন্য এমন ভিসা চাওয়া হয়েছে, যা একাধিকবার ব্যবহার করা যাবে। তিনি বলেন, ‘‘দলকে বারবার আমেরিকায় ঢুকতে ও বের হতে হবে। তাই সেই অনুযায়ী ভিসা প্রয়োজন।’’ এখনও পর্যন্ত ইরান টিম আমেরিকার ভিসা হাতে পায়নি। গত সপ্তাহে তুরস্কে অনুশীলনের সময় দলের কয়েক জন সদস্য ভিসার জন্য সাক্ষাৎকারও দিয়েছেন। যাঁরা আগে আবেদন করতে পারেননি, তাঁরাও দূতাবাসে গিয়ে আবেদন

করেছেন। পাশাপাশি, নকআউটে উঠলে কানাডায় ম্যাচ থাকতে পারে ভেবে পুরো দল কানাডার ভিসার আবেদনও করেছে। শুরুতে ইরান ঠিক করেছিল, বিশ্বকাপ চলাকালীন তাদের বেস ক্যাম্প হবে আমেরিকার অ্যারিজোনার টাকসনে। কিন্তু পরে তারা সেটি বদলানোর আবেদন করে। এর পর ফিফা জানায়, ইরানের অনুরোধ মেনে দলের নতুন বেস ক্যাম্প হবে মেক্সিকোর তিহুয়ানায়। এই জায়গাটি আমেরিকা সীমান্তের খুব কাছে হওয়ায় যাতায়াতের সুবিধা হবে বলেই মনে করছে ইরানের ফুটবল সংস্থা। মেহদি তাজ বলেন, ‘‘ফিফা ও বিশ্বকাপ আয়োজকদের সঙ্গে আলোচনা করার পর আমাদের অনুরোধ মেনে নেওয়া হয়েছে। আমেরিকার বদলে এখন মেক্সিকোতে দল থাকবে।’’ আগামী ১৫ জুন লস অ্যাঞ্জেলসে নিউ জিল্যান্ডের বিরুদ্ধে ম্যাচ দিয়ে বিশ্বকাপ অভিযান শুরু করবে ইরান। এর পর ২১ জুন বেলজিয়ামের বিরুদ্ধে খেলবে তারা। গ্রুপ পর্বের শেষ ম্যাচ ২১ জুন সিয়াটলে, মিশরের বিরুদ্ধে। প্রসঙ্গত, ১১ জুন থেকে ১৯ জুলাই পর্যন্ত চলবে এই বিশ্বকাপ। যৌথ ভাবে এই প্রতিযোগিতার আয়োজন করছে আমেরিকা, কানাডা এবং মেক্সিকো।

এশিয়ান জুনিয়রে ১০০ মিটারে ব্রোঞ্জ জিতে নজর কাড়লেন নিপাম

সংবাদ সংস্থা, হংকং, ২৯ মেঃ হংকংয়ে শুরু হওয়া অনূর্ধ্ব-২০ এশিয়ান অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপের প্রথম দিনেই ভারতের হয়ে পদক জিতে নজর কাড়লেন তরুণ স্প্রিন্টার নিপাম। মেয়েদের ১০০ মিটার দৌড়ে ব্রোঞ্জ পদক জিতে স্মরণীয় অভিষেক করলেন ১৮ বছরের এই ভারতীয় অ্যাথলিট। উত্তরপ্রদেশের এই স্প্রিন্টার ফাইনালে ১১.৬২ সেকেন্ড সময় নিয়ে তৃতীয় স্থান দখল করেন। শুরুটা খুব ভালো না হলেও শেষের দিকে গতি বাড়িয়ে তিনি ব্রোঞ্জ

নিশ্চিত করেন। নিপাম বর্তমানে অনূর্ধ্ব-২০ বিভাগের মেয়েদের ১০০ মিটারে ভারতের জাতীয় রেকর্ডধারী। চলতি বছরের এপ্রিল মাসে একটি দেশীয় প্রতিযোগিতায় তিনি ১১.৫৩ সেকেন্ড সময় নিয়ে এই রেকর্ড গড়েছিলেন। পদক জয়ের পর উচ্ছ্বসিত নিপাম বলেন, ‘‘দলের জন্য ব্রোঞ্জ জিততে পেরে আমি খুবই খুশি।’’ তিনি ভারতের ৪x১০০ মিটার রিলে দলেরও সদস্য। এই প্রতিযোগিতায় আরও একটি পদক জয়ের ব্যাপারেও আত্মবিশ্বাসী তিনি। এই ইভেন্টে কাতারের ১৬ বছরের দানা নূর সালেম ১১.৪৭ সেকেন্ড সময় নিয়ে সোনা জেতেন। চিনের জিনজুয়ান চেন ১১.৫৪ সেকেন্ড সময় করে রুপো পান। পুরুষদের ৩০০০ মিটার দৌড়ে ভারতের বিকাশ কুমার চতুর্থ স্থানে শেষ করেন। তিনি ৮:২৪.৮৮ সময় নিয়ে ব্যক্তিগত সেরা পারফরম্যান্স করলেও পদক পাননি। মেয়েদের ৪০০ মিটার হিটে ভারতের নীরু পাঠক নিজের হিটে ৫৪.৪২ সেকেন্ড সময় নিয়ে প্রথম হন। অন্যদিকে তাহুরা খাতুন ৫৫.০৬ সেকেন্ড সময় নিয়ে নিজের হিটে দ্বিতীয় স্থান পান। দু'জনেই ফাইনালে জায়গা করে নিয়েছেন। তবে পুরুষদের ৪০০ মিটার সেমিফাইনালে হতাশ করেন কেরলের মোহাম্মদ আশফাক। তিনি ৪৭.০৬ সেকেন্ড সময় নিয়ে পঞ্চম হন এবং ফাইনালে উঠতে পারেননি। পুরুষদের ডেকাথলনে ভারতের রাহুল ঝাখার রাহুল জাখর প্রথম দিনে নজরকাড়া পারফরম্যান্স করেছেন। ১০০ মিটারে ১০.৭০ সেকেন্ড সময় নিয়ে তিনি ৯২৯ পয়েন্ট অর্জন করেন। লং জাম্পে ৬.৭৭ মিটার লাফিয়ে পান ৭৬০ পয়েন্ট। শট পুটে ১৩.০৪ মিটার থ্রো থেকে আসে ৬৭০ পয়েন্ট। হাই জাম্পে ১.৯৩ মিটার টপকে আরও ৭৪০ পয়েন্ট যোগ করেন তিনি। দিনের শেষ ইভেন্ট ৪০০ মিটারে ৫০.২৫ সেকেন্ড সময় নিয়ে সংগ্রহ করেন ৮০৩ পয়েন্ট। চারদিনের এই ২২তম এশিয়ান অনূর্ধ্ব-২০ অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ ৩১ মে শেষ হবে।

ইংল্যান্ড সফরেই সুযোগ দেওয়া হোক

বৈভবকে নিয়ে আগরকরদের বার্তা গাভাসকরের

সংবাদ সংস্থা, মুম্বই, ২৯ মেঃ বয়স যে একটা সংখ্যা মাত্র, তা আরও একবার প্রমাণ করেছে বৈভব সূর্যবংশী। ১৫ বছর বয়সেই বিশ্বক্রিকেটে নিজেকে নিয়ে গিয়েছে আলাদা মাত্রায়। সম্প্রতি আইপিএল-এর প্রথম কোয়ালিফায়ারে হায়দরাবাদের বিরুদ্ধে ২৯ বলে ৯৭ রানের ঝোড়ো ইনিংস খেলে আরও একবার উঠে এসেছে শিরোনামে। জোরালো হয়েছে ভারতের সিনিয়র দলে সুযোগ দেওয়ার দাবি। এ বার বৈভবের হয়ে ব্যাট ধরলেন ভারতের প্রাক্তন ক্রিকেটার সুনীল গাভাসকর। জানালেন, বয়সের কথা না ভেবে এখনই বৈভবকে সুযোগ দেওয়া উচিত। আসন্ন ইংল্যান্ড সফরেই এই তরুণ ব্যাটারকে দলে রাখার পরামর্শ দিলেন। সম্প্রতি এক সাক্ষাৎকারে এই নিয়ে মুখ খুলেছেন সুনীল গাভাসকর। অজিত আগরকরের নেতৃত্বাধীন নির্বাচনী কমিটিকে স্পষ্ট বার্তা দিলেন, বয়সের কথা না ভেবে সূর্যবংশীকে এখনই জাতীয় দলে সুযোগ দিতে। আইপিএল-এ যেমন বিধ্বংসী ফর্মে আছে বৈভব, জাতীয় দলের জার্সিতেও সেটার সদ্ব্যবহার করার এটাই সঠিক সময় বলে মনে করেন গাভাসকর। প্রাক্তন এই ক্রিকেটার বলেন, ‘‘আন্তর্জাতিক

মঞ্চে টি-টোয়েন্টি ক্রিকেট খেলার জন্য একেবারে তৈরি বৈভব। আমি আশা করি, ইংল্যান্ড সফরের জন্য যখন টি-টোয়েন্টি টিম বেছে নেওয়া হবে, তখন সুযোগ পাবে ও। এমন দুর্দান্ত পারফর্ম্যান্সের পরে বৈভব দলে জায়গা পাওয়ার যোগ্য দাবিদার। এখন যদি সুযোগ না দাও, তা হলে আর কবে খেলাবে ওকে?’’ গাভাসকর স্পষ্ট বলেন, বয়সে বড় এবং সিনিয়র অনেক ক্রিকেটারের চেয়ে ভালো খেলে বৈভব। অনায়াসে চার-ছক্কা মারার দৌড়ে সহজেই তাঁদের টেক্কা দেবে সে। সেটাই আরও একবার নির্বাচকদের মনে করালেন গাভাসকর। তিনি বলেন, ‘‘নিজের চেয়ে ১৫ বছরের বড় তারকা বোলারদের বিরুদ্ধে যে ভাবে চার-ছক্কা মারছে বৈভব, তাতে বয়স কোনও সমস্যা নয়। আন্তর্জাতিক ক্রিকেটে যথেষ্ট অভিজ্ঞতাসম্পন্ন বোলারদেরও অনায়াসে ওড়াচ্ছে ও। এই ভয়ডরহীনভাবে খেলাই সাফল্যের রহস্য।’’

এশিয়ান গেমসের ট্রায়ালে অংশ নিতে পারবেন বিনেশ

সংবাদ সংস্থা, নয়াদিল্লি, ২৯ মেঃ অবশেষে কাটল জট। বড় স্বস্তি পেলেন ভারতের তারকা মহিলা কুস্তিগীর বিনেশ ফোগত। ২০২৬ সালের এশিয়ান গেমসের ট্রায়ালে অংশ নেওয়ার জন্য তাঁকে অনুমতি দিল সুপ্রিম কোর্ট। দীর্ঘদিন ধরেই চলছিল জল্পনা। শুক্রবার সুপ্রিম কোর্টের থেকে ছাড়পত্র পাওয়ার পরে এশিয়ান গেমসের বাছাইপর্বে অংশ নেওয়ার জন্য আর কোনও বাধা রইল না তিনবারের অলিম্পিয়ানের সামনে। সম্প্রতি দিল্লি হাইকোর্টের পক্ষ থেকে দেওয়া একটি রায়ে বলা হয়েছিল এশিয়ান গেমসের ট্রায়ালে অংশ নিতে পারবেন বিনেশ। সেই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে আপিল করেছিল ভারতের কুস্তি ফেডারেশন। কিন্তু তাতে লাভ হলো না। বিনেশের পক্ষেই রায় দিল সুপ্রিম কোর্ট।

সিনারকে হারিয়ে টেনিস দুনিয়ায় শোরগোল ফেলে দিয়েছেন হুয়ান ম্যানুয়েল

সংবাদ সংস্থা, প্যারিস, ২৯ মেঃ ফরাসি ওপেনের দ্বিতীয় রাউন্ডে যা ঘটল, তার জন্য প্রস্তুত ছিল না টেনিসবিশ্ব। দুনিয়ার এক নম্বর ইয়ানিক সিনার দু'সেট এগিয়ে। তৃতীয় সেটেও ৫-২ লিড। ম্যাচ শেষ হওয়ার অপেক্ষা মাত্র। ঠিক তখনই পাশা পালটে দিলেন এক আর্জেন্তাইন। নাম হুয়ান ম্যানুয়েল সেরুন্দোলো। বিশ্ব র‌্যাঙ্কিংয়ের ৫৬ নম্বরে থাকা এই টেনিস খেলোয়াড় পিছিয়ে থেকেও ঘুরে দাঁড়িয়ে সিনারকে হারালেন। পৌঁছে গেলেন কেরিয়ারের প্রথম গ্র্যান্ড স্ল্যাম তৃতীয় রাউন্ডে! প্যারিসের ফিলিপ শাত্রিয়ের কোর্টে শুরুটা একতরফা। প্রথম দুই সেট ৬-৩, ৬-২ জিতে নেন সিনার। তৃতীয় সেটেও ৫-২ এগিয়ে ছিলেন ইতালীয় তারকা। তখন অনেক সাংবাদিকই প্রেস বক্সে বসে রুটিন জয়ের খবর লিখতে শুরু করে দিয়েছেন। কিন্তু এরপরই ছন্দপতন। খেলার মোড় ঘুরতে সময় লাগেনি। তীব্র গরমে সিনারের শারীরিক সমস্যা শুরু হয়। আর সুযোগটা লুফে নেন সেরুন্দোলো। ২-৫ থেকে মহাকাব্যিক প্রত্যাবর্তন। মাটিতেই পা সেরুন্দোলোর। নম্র সুরে মন্তব্য, ‘আমি নিজের সেরাটা খেলার চেষ্টা করি। এই টুর্নামেন্টেও সেটা করে যেতে চাই। ক্লে কোর্ট আমার সবচেয়ে প্রিয়। তাই পরের লড়াইয়ের জন্য প্রস্তুত থাকতে চাই।' আজকের সাফল্য হঠাৎ আসেনি। ২০২১ সালে কর্দোবা ওপেনে প্রথম বড় চমক। তখন তাঁর বিশ্ব র‌্যাঙ্কিং ৩৫৫। যোগ্যতা অর্জন পর্ব পেরিয়ে মূলপর্বে এসে টানা আটটি ম্যাচ জিতে শিরোপা ছিনিয়ে নেন। সেটাই ছিল মূল ড্র-তে তাঁর অভিষেক টুর্নামেন্ট। গত বছর গস্তাদে আরেকটি ফাইনাল খেলেন। সেখানে আলেকজান্ডার বুবলিকের কাছে হেরে রানার্স হন। তবু ধীরে ধীরে নিজেকে প্রতিষ্ঠিত করেছেন ট্যুরের অন্যতম লড়াকু প্রতিদ্বন্দ্বী হিসেবে। গতকাল সিনারকে হারানোর পর তাঁর র‌্যাঙ্কিংয়ে আরও উন্নতির সম্ভাবনা। প্রথমবারের মতো বিশ্বের প্রথম ৫০ জনের মধ্যে ঢুকে পড়ার সুযোগ এখন হাতের নাগালে। ফরাসি ওপেনে একটি মজার সম্ভাবনা সলতে পাকাচ্ছে। ভাই ফ্রান্সিসকো তৃতীয় রাউন্ডে উঠে

গিয়েছেন। ড্র অনুযায়ী সবকিছু ঠিকঠাক চললে দুই ভাই সেমিফাইনালে মুখোমুখি হতে পারেন। ভাইয়ের ম্যাচ নিয়ে সেরুন্দোলোর মন্তব্য, ‘‘ফরাসি সমর্থকদের কাছে দুঃখিত, কিন্তু আমি চাই আমার ভাই জিতুক। পরিবারের সবাই এখানে আছে। চাই, ও এগিয়ে যাক।’’ গত বছর বুয়েনস আইরেসে টুর্নামেন্টে দুই ভাইয়ের লড়াই ইতিহাস গড়েছে। ২০০০ সালের পর এটিটি ট্যুরে মুখোমুখি হওয়া চতুর্থ ভ্রাতৃজুটি তাঁরা। এখন দেখার, সিনারকে বিদায় করে আলোচনার কেন্দ্রে উঠে আসা সেরুন্দোলো কি আরও দূর যেতে পারেন! আপাতত প্যারিসে তাঁর পরিচয় একটাই-বিশ্বের এক নম্বর খেলোয়াড়কে হারানো উঠতি তারকা।

একসময় এমন পরিস্থিতি, যেখানে তিনি ১৭ পয়েন্ট জেতেন, হারান মাত্র দু'টি। শেষ পর্যন্ত ৩-৬, ২-৬, ৭-৫, ৬-১, ৬-১ ব্যবধানে জিতে নেন কেরিয়ারের সবচেয়ে বড় লড়াই। সেরুন্দোলো টেনিস পরিবার থেকে উঠে এসেছেন। বাবা আলেহান্দ্রো সেরুন্দোলো আশির দশকের পেশাদার খেলোয়াড়। বড় ভাই ফ্রান্সিসকো সেরুন্দোলোও বর্তমানে শীর্ষ পর্যায়ের টুর্নামেন্টে কোর্টে নামেন। এ বছরের ফরাসি ওপেনে তিনি ২৫ নম্বর বাছাই। মাত্র তিন বছর বয়সে র‌্যাকেট হাতে তুলে নেন হুয়ান। বাঁ-হাতি হওয়ায় ছোটবেলা থেকে আদর্শ রাফায়েল নাদাল। শুধু খেলায় নয়, লড়াইয়ের মানসিকতাতেও তাঁকেই অনুসরণের চেষ্টা করেছেন। মাটির কোর্ট সবচেয়ে পছন্দের মঞ্চ। সিনারকে বিঁধেও সেই

কার্লসেনের চালে কুপোকাত গুকেশ, নরওয়ের আসরে তলানিতে বিশ্বচ্যাম্পিয়ন!

সংবাদ সংস্থা, অসলো, ২৯ মেঃ গত বছর ম্যাগনাস কার্লসেনকে হারিয়ে দাবাবিশ্বে আলোড়ন ফেলেছিলেন ডি গুকেশ। এক বছর পর নরওয়েতে ছবিটা একেবারে পালটে গিয়েছে। বিশ্বের এক নম্বর দাবাড়ুর সামনে দাঁড়াতেই পারলেন না বর্তমান বিশ্বচ্যাম্পিয়ন। চতুর্থ রাউন্ডে কার্লসেনের কাছে হেরে পয়েন্ট তালিকার একেবারে তলানিতে গুকেশ। অন্যদিকে উজ্জ্বল প্রজ্ঞানন্দ। গুকেশের একদা সতীর্থ আবারও পয়েন্ট তুললেন। আর্মাগেডন টাইব্রেকে ভিনসেন্ট কাইমারকে হারিয়ে টুর্নামেন্টে দ্বিতীয় স্থানে ভারতীয় গ্র্যান্ডমাস্টার। বিশ্রাম দিবসের আগে নরওয়ে দাবা প্রতিযোগিতার ছবিটা এখন স্পষ্ট। শীর্ষে আলিরেজা ফিরোজা। আর ভারতের সবচেয়ে বড় আশা একমাত্র প্রজ্ঞানন্দ। কালো ঘুঁটি নিয়ে খেলেও শুরু থেকেই নিয়ন্ত্রণ নিজের হাতে রাখেন কার্লসেন। গুকেশের কিছু উচ্চাভিলাষী চাল শেষ পর্যন্ত তাঁরই বিপদ ডেকে আনে। সুযোগ বুঝে ধীরে ধীরে লড়াইয়ের রাশ নিজের দিকে টেনে নেন নরওয়ের তারকা। ম্যাচ শেষে কার্লসেনের প্রতিক্রিয়া, ‘‘আজ আমি খুব বেশি আত্মবিশ্বাস নিয়ে খেলতে নামিনি। টানা তিন দিন খুব খারাপ খেলেছিলাম। কিন্তু ওপেনিংয়ে যা হয়েছে, তাতে আমি খুশি।’’ গুকেশের কৌশল নিয়েও মন্তব্য করেন তিনি। কার্লসেনের কথায়,

‘‘ওর চাল দেখে আমি অবাক। আমার মনে হয়েছে, ও একটু বেশিই সুবিধা আদায় করতে চেয়েছিল। আমি নিশ্চিত নই, আদৌ কোনও বাড়তি সুবিধা ছিল কি না। শেষ পর্যন্ত ও নিজেই সমস্যায় পড়ে যায়, আর আমি ধীরে ধীরে ম্যাচের নিয়ন্ত্রণ নিয়ে নিই।’’ ম্যাচের শেষ দিকে অবশ্য সতর্ক কার্লসেন। নেপথ্যে পুরনো ভীতি। আগেও প্রজ্ঞানন্দ ও গুকেশের বিরুদ্ধে জেতা ম্যাচ হাতছাড়া করার অভিজ্ঞতা রয়েছে তাঁর। কার্লসেন বলেন, ‘‘শেষের দিকে একটু চিন্তা হচ্ছিল। মনে হচ্ছিল, আমি কি এমন কিছু মিস করছি, যেটা গতকাল প্রজ্ঞানন্দের বিরুদ্ধে, গত বছর গুকেশের বিরুদ্ধেও হয়েছিল? তবে যদি কিছু থেকেও থাকে, ও সেটা খুঁজে বের করতে পারেনি।’’ এই জয়ের সুবাদে কার্লসেন তিন পূর্ণ পয়েন্ট তুলে ৪.৫ পয়েন্টে, টেবিলের শেষ থেকে সরাসরি চতুর্থ স্থানে উঠে এসেছেন। দিনের অন্য খেলায় প্রজ্ঞানন্দ ও ভিনসেন্ট কাইমারের ক্লাসিক্যাল ম্যাচে দু'জনের সামনে জয়ের সুযোগ এসেছিল। কিন্তু কেউই কাজে লাগাতে পারেননি। ফলে ম্যাচ গড়ায় আর্মাগেডনে। সেখানে অবশ্য কোনও ভুল করেননি ভারতীয় গ্র্যান্ডমাস্টার। মাত্র ১৭ চালেই খেলা শেষ করেন। লড়াই জিতে প্রজ্ঞানন্দ বলেন, ‘‘আর্মাগেডনটা খুব মসৃণভাবে গিয়েছে।’’ আপাতত তাঁর পয়েন্ট ৬। এককভাবে দ্বিতীয় স্থানে রয়েছেন তিনি। শীর্ষে থাকা ফিরোজার সঙ্গে ব্যবধান এখন ২.৫ পয়েন্ট। সব মিলিয়ে পুরুষদের বিভাগে ফিরোজা ৮.৫ পয়েন্ট নিয়ে শীর্ষে। তাঁর পিছনে প্রজ্ঞানন্দের ৬, ওয়েসলি সো-র ৫.৫ এবং কার্লসেনের ৪.৫ পয়েন্ট। গুকেশের সংগ্রহ মাত্র ৩.৫। মহিলাদের বিভাগে প্রথমবার আর্মাগেডনে পরাস্ত দিব্যা দেশমুখ। টানা তিনটি টাইব্রেক জয়ের পর এবার অ্যানা মুজিচুকের কাছে হারলেন। এর ফলে একক দ্বিতীয় স্থান হাতছাড়া হল। ৫.৫ পয়েন্ট নিয়ে অ্যানা মুজিচুক ও ঝু জিনারের সঙ্গে যৌথ তৃতীয় স্থানে রয়েছেন দিব্যা। অন্যদিকে কোনেরু হামপির অবস্থাও উদ্বেগজনক। ঝু জিনারের কাছে আরেকটি আর্মাগেডন পরাজয়ের জেরে তিনি ছয় খেলোয়াড়ের তালিকায় রয়েছেন সবার শেষে।

হার্দিককে ছাঁটাই করবে মুম্বই?

সংবাদ সংস্থা, মুম্বই, ২৯ মেঃ ইতিহাসের পুনরাবৃত্তি! অধিনায়কের পদ থেকে সরিয়ে দেওয়া হবে হার্দিক পাণ্ডিয়াকে। সূত্রের খবর, মুম্বই ইন্ডিয়ান্সের ম্যানেজমেন্টের সঙ্গে সম্পর্কের তিক্ততার কারণেই দল ছাড়তে চাইছেন তারকা অলরাউন্ডার। ১৪ ম্যাচের মধ্যে মাত্র ৪টিতে জেতে মুম্বই। তাতে একেবারেই সন্তুষ্ট নয় টিম ম্যানেজমেন্ট। হার্দিকের ওপর আস্থা হারিয়েছে। যার ফলে, নতুন অধিনায়ক নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবেন রোহিত।

মেসিকে নিয়েই আর্জেন্টনার বিশ্বকাপ দল

বিশ্বকাপজয়ী আর্জেন্টিনার অধিনায়ক হিসেবে ২০২৬ বিশ্বকাপেও খেলবেন লিওনেল মেসি। বৃহস্পতিবার রাতে ২৬ সদস্যের দল ঘোষণা করেছেন কোচ লিওনেল স্কালোনি। সেই দলেই জায়গা পেয়েছেন ৩৮ বছর বয়সী এই ফরোয়ার্ড।

সংবাদ সংস্থা, বুয়েনস আইরেস, ২৯ মেঃ ২০২২ সালে কাতার বিশ্বকাপে ফ্রান্সকে টাইব্রেকারে হারিয়ে আর্জেন্টিনাকে তৃতীয় শিরোপা এনে দিয়েছিলেন মেসি। এবার খেলতে নামলে এটি হবে তাঁর ষষ্ঠ বিশ্বকাপ। এর মধ্য দিয়ে পুরুষ ফুটবলে বিশ্বকাপের ছয়টি আসরে খেলা একমাত্র ফুটবলারদের তালিকায় ক্রিস্টিয়ানো রোনাল্ডোর পাশে নাম লেখাবেন তিনি। বিশ্বকাপে সবচেয়ে বেশি ম্যাচ খেলার রেকর্ডও এখন মেসির দখলে। এখন পর্যন্ত তিনি খেলেছেন ২৬টি ম্যাচ। ২০২২ বিশ্বকাপে সেরা গোলরক্ষকের পুরস্কার জেতা এমিলিয়ানো মার্তিনেজও আছেন দলে। ইংলিশ ক্লাব ফুটবলে খেলা লিসান্দ্রো মার্তিনেজ, ক্রিস্তিয়ান রোমেরো, আলেক্সিস ম্যাক অ্যালিস্টার ও এনসো ফার্নান্দেজও জায়গা পেয়েছেন স্কোয়াডে। দলে আছেন এই সময়ের আলোচিত তরুণ নিকো পাজও। তবে বিশ্বকাপ দলে জায়গা হয়নি মার্কুস আকুনা ও ফ্রাঙ্কো মাস্তানতুয়োনোর। যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোয় বসবে এবারের বিশ্বকাপ। ‘জে' গ্রুপে থাকা আর্জেন্টিনা নিজেদের প্রথম ম্যাচ খেলবে ১৭ জুন আলজেরিয়ার বিপক্ষে, কানসাস সিটিতে। এরপর ডালাসে ২২ জুন

অস্ট্রিয়া ও ২৮ জুন জর্ডানের মুখোমুখি হবে বর্তমান চ্যাম্পিয়নরা। কদিন আগে ইন্টার মায়ামির হয়ে এমএলএস ম্যাচে বদলি হয়ে মাঠ ছাড়েন মেসি। সে সময় তাঁর চোটে পড়ার গুঞ্জন ছড়িয়ে পড়ে। পরে ক্লাব জানায়, মেসি চোটে পড়েননি। তিনি বাঁ পায়ের হ্যামস্ট্রিংয়ে পেশিতে ক্লান্তি অনুভব করছিলেন। আর্জেন্টিনার জার্সিতে এখন পর্যন্ত ১৯৮ ম্যাচ খেলেছেন মেসি। বিশ্বকাপের আগে হন্ডুরাস ও আইসল্যান্ডের বিপক্ষে দুটি প্রীতি ম্যাচে খেললে ২০০ ম্যাচের মাইলফলকও ছুঁয়ে ফেলবেন তিনি।

।। আর্জেন্টিনার বিশ্বকাপ দল ।।

গোলরক্ষক- হুয়ান মুসো (আতলেতিকো মাদ্রিদ), গেরোনিমো রুই (মার্সেই), এমিলিয়ানো মার্তিনেজ (অ্যাস্টন ভিলা)। **ডিফেন্ডার-** লেওনার্দো বালের্দি (মার্সেই), নিকোলাস তাগলিয়াফিকো (লিঁও), গনসালো মন্তিয়েল (রিভার প্লেট), লিসান্দ্রো মার্তিনেজ (ম্যানচেস্টার ইউনাইটেড), ক্রিস্তিয়ান রোমেরো (টটেনহাম), নিকোলাস ওতামেন্দি (বেনফিকা), ফাকুন্দো মেদিনা (মার্সেই), নাহুয়েল মলিনা (আতলেতিকো মাদ্রিদ)। **মিডফিল্ডার-** লিয়ান্দ্রো পারেদেস (রিভার প্লেট), রদ্রিগো দি পল (হনন্টার মায়ামি), ভালেন্তিন বার্কো (স্ট্রাসবুর্গ), জিওভানি লো সেলসো (রিয়াল বেতিস), এজেকিয়েল পালাসিওস (বায়ার লেভারকুসেন), অ্যালেক্সিস ম্যাক আলিস্টার (লিভারপুল), এনজো ফার্নান্দেজ (চেলসি)। **ফরোয়ার্ড-** হুলিয়ান আলভারেজ (আতলেতিকো মাদ্রিদ), লিওনেল মেসি (ইন্টার মায়ামি), নিকোলাস গনসালেস (আতলেতিকো মাদ্রিদ), তিয়াগো আলমাদা (আতলেতিকো মাদ্রিদ), জুলিয়ানো সিমিওনে (আতলেতিকো মাদ্রিদ), নিকো পাজ (কোমো), হোসে ম্যানুয়েল লোপেস (পালমেইরাস), লাওতারো মার্তিনেজ (ইন্টার মিলান)।

দুরন্ত প্রকাশন প্রাইভেট লিমিটেডের পক্ষে প্রকাশক অলোক কুমার নস্কর এবং মুদ্রক চিত্ত দেবনাথ কর্তৃক সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লিমিটেড, ১৩, প্রফুল্ল সরকার স্ট্রিট, কলকাতা-৭২ হইতে মুদ্রিত ও ৯৪ ফিয়ার্স লেন, ৫ম তল, কলকাতা-৭০০০১২ হইতে প্রকাশিত, সম্পাদক-অলোক কুমার নস্কর
Published by Aloke Kumar Naskar & Printer by Chitya Debnath on behalf of Duranta Prakashan Pvt. Ltd. and printed at Satyajug Employees Co Operative Industrial Society Limited, 13, Prafulla Sarkar Street, Kolkata-700072 and Published at 94, Phears Lane, 4th Floor, Kolkata-700012, Dist.-Kolkata, Editor: Aloke Kumar Naskar
Ph. No. 033-2237-0488, 9830217166
E-mail: dailydurantabarta@gmail.com